

সহজ কথোপকথনে  
দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা

দ্বিতীয় খণ্ড  
বাক্য গঠন: অতীত ও ভবিষ্যৎ কাল

সুতনু ভট্টাচার্য  
বিদ্যাচর্চা কেন্দ্রের পাঠ সংকলন

Sahaj Kathopokathane Dwitio Bhasha Hishabe Engreji Shekha  
Dwitiyo Khanda, Bakya Gathan: Atit O Bhabishyat Kaal

Learning English as a Second Language  
Vol. II. Simple Sentences: Past and Future Tenses

Edited by Sutanu Bhattacharya

Second Edition: November 2019

First Edition: January 2017

© Sutanu Bhattacharya

Published by:

Sutanu Bhattacharya

63/114B Prince Anwar Shah Road

Rhineview Flat 5B, Kolkata 700045, India

Contact: (+91)9433064877/(+91) 9830021126

E-mail:sutnbh@gmail.com

Printed by:

Bijan Sarkar

S. R. Printers

62/A Baithakkhana Road, Kolkata 700009, India

Contact: (+91)8902731332

All rights reserved. No part of this publication may be reproduced, stored in retrieval system, or transmitted, in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without the prior permission of the publisher and copyright owner.

**NOT FOR SALE**

This study material, developed at Phuldanga Bidyacharcha Kendra, Shyambati, Birbhum, West Bengal, is meant for free distribution for education and learning purposes. Care has been taken not to violet any existing copyright or intellectual property right. If any copyright is inadvertently infringed, please notify the publisher for corrective action.

## মুখবন্ধ

আমি সূতনু ভট্টাচার্য সম্পাদিত ‘সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা’ বইটির পাণ্ডুলিপি ভালো করে পড়লাম। এ বইটির নামকরণ দেখেই আমার আশা হয়েছিল যে, ইংরেজি ভারতীয় ছাত্রছাত্রীদের কাছে ‘দ্বিতীয় ভাষা’ এই বিষয়টি ঐরা স্পষ্ট মনে রেখেছেন। কিন্তু এটাও মনে রেখেছেন যে, দেশের সকলের কাছে ইংরেজি সমানভাবে দ্বিতীয় ভাষা নয়। শান্তিনিকতনের ফুলডাঙা হয়তো এখন আর ততটা প্রান্তিক গ্রাম নয়, সেখানে ইংরেজি ভাষা ভালো জানে এমন লোকের যাতায়াত আছে, কিন্তু পশ্চিমবাংলা বা ভারতের এমন অনেক গ্রাম আছে, যেখানে ইংরেজিকে অতটা খুঁজে পাওয়া যায় না। সেখানে ইংরেজি আসলে একটি ‘বিদেশি’ ভাষা। অথচ শিক্ষাদীক্ষা এবং অর্থনীতির বাধ্যতায় এ ভাষা আমাদের শিখতেই হবে—এ ভাষা হল আমাদের সমাজের কমবেশি উচুতলায় ওঠবার সিঁড়ি। ফলে আমাদের আশু কর্তব্য হল যথাসম্ভব সহজভাবে এ ভাষা আমাদের শিশুদের শেখানো। আমাদের পরিবেশ এবং সেখানে ইংরেজির সঙ্গে দূরত্বের এই নানা মাত্রার কথা সূতনু এবং তাঁর সহযোগীরা খেয়াল রেখেছেন সেটা আমি বইটির গঠন দেখে টের পেলাম, কারণ তারা শুরু করেছেন একেবারে প্রথম ব্যবহার্য শব্দাবলি দিয়ে। তারপরেই শুরু হয়েছে বাক্য ব্যবহার করে কথোপকথন।

বলা বাহুল্য, শিশুরা মৌখিক ভাষা শেখে, এমনকি মৌখিক দ্বিতীয় বা তৃতীয় (বা চতুর্থ ইত্যাদি) ভাষাও শেখে মূলত কথোপকথনের মাধ্যমে। এই শিক্ষার বৈশিষ্ট্য হল, তারা যে একটা নতুন ভাষা শিখছে তা তারা খেয়াল করে না—এ যেন তাদের স্বাভাবিক বড় হওয়ার প্রক্রিয়া। এতে তাদের মস্তিষ্কে চাপ পড়ে না, মুখস্থ করার এবং মনে রাখার উদবেগ সহ্য করতে হয় না। শুধু এইটুকু চাই যে, তাদের চারপাশে কেউ সে ভাষায় কথা বলবে, এবং তারা সেই কথাবার্তায় যোগ দেবে। এ ভাবে বয়ঃসন্ধিসীমার আগে তারা একাধিক ভাষা স্বচ্ছন্দে শিখে উঠতে পারে। ক্রাশেনের (Krashen) মতো ভাষাবিজ্ঞানীর কাছে ভাষা শিক্ষার এই প্রাকৃতিক প্রক্রিয়া হল acquisition, আর সচেতনভাবে রেকর্ড শুনে, পড়াশোনা করে, ব্যাকরণ, অনুবাদ, পাঠক্রম অনুসরণ করে ভাষা শিক্ষার নাম হল learning।

সুতনুদের বইয়ে aquisation-এর এই প্রাকৃতিক প্রক্রিয়াটিকেই প্রতিফলিত করার চেষ্টা আছে। এই পদ্ধতিতে প্রথম ভাষাকে অস্বীকার করা হয়নি। এখন তো স্বীকার করাই হয় যে, প্রথম ভাষার মাধ্যমে দ্বিতীয় ভাষা শেখানো ভাষা শিক্ষণে একটা প্রকৃষ্ট উপায়, বিশেষ করে দ্বিতীয় ভাষার সঙ্গে পরিচয়হীন শিশুদের জন্য। তাদের ভয়টা কাটিয়ে ধীরে ধীরে দ্বিতীয় ভাষাকে তাদের সহজ পরিচয়ের বৃত্তে নিয়ে আসা, এই হল বইগুলির মূল পরিকল্পনা। শিশুদের অভিজ্ঞতার জগৎই এই সব বাক্যের মধ্যে প্রতিভাত হয়েছে, ফলে এই কথোপকথনগুলিতে তারা তাদের সহজ জীবনযাপনের ছন্দই খুঁজে পাবে।

সুতনুরা ব্যাকরণের প্রতিটি বিষয়ই অজস্র বাক্যের মধ্য দিয়ে বুঝিয়েছেন, এবং সহজ থেকে জটিল বা কঠিন—এই পর্যায়ে পাঠগুলিকে সাজিয়েছেন। শিক্ষকদের প্রতি প্রচুর নির্দেশ আছে, আশা করি শিক্ষকেরা সেগুলি মনোযোগ দিয়ে পড়বেন—এতে তাঁদের ইথরেজি জ্ঞানও পোক্ত হবে। অর্থাৎ এই বইগুলি শিক্ষক এবং শিক্ষার্থী—উভয়ের জন্যই বিশেষ উপকারী বলে বিবেচিত হবে।

আমি এই বইটির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

১০ জানুয়ারি, ২০১৭

সেঁজুতি, ২১ কেন্দ্রিয়া মেন রোড

গড়িয়া, কলকাতা ৭০০০৮৪

পবিত্র সরকার

## কীভাবে ইংরেজি শেখা—এই বইয়ের পদ্ধতি

শুরু থেকেই কেবল ইংরেজি গদ্য ও পদ্য পড়িয়ে-লিখিয়ে আর শব্দার্থ মুখস্থ করিয়ে ইংরেজি ভাষাতেই ইংরেজি শেখানোর চেষ্টা নয়। এই বইয়ে ইংরেজি শেখানোর অন্য এক পদ্ধতি ব্যবহার করা হয়েছে—প্রথমত, মাতৃভাষার (এখানে বাংলা) মাধ্যমে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা, ও দ্বিতীয়ত, গদ্য বা পদ্যের ভাষা নয়, আগে বারবার অনুশীলনের সাহায্যে চেনা ও শেখা কথোপকথনে নিত্য ব্যবহারের ইংরেজি ভাষা ও তার বিভিন্ন ধরনের ছোট ছোট বাক্যের গঠন।

বাংলা পড়ে বুঝতে পারেন এমন সকলেই এই বইয়ের পাঠগুলো ধরে ইংরেজি শিখতে ও শেখাতে পারবেন; ইংরেজি ভাষার কোনও শিক্ষক প্রয়োজন হবে না। গদ্য ও পদ্যের ভাষার বদলে কথ্য ভাষায় রোজকার সাধারণ জীবনের কথা বলায় ইংরেজি বাক্যগুলোর অর্থ বোঝা ও গঠন রপ্ত করা অনেকটাই সহজ হবে।

- শেখার শুরুতেই অযথা শব্দভারে ভারাক্রান্ত না করে কয়েকটামাত্র ইংরেজি শব্দ বলে দেওয়া হয়েছে, যা রোজকার জীবনে ব্যবহার হয়। এরপর ধাপে ধাপে ইংরেজি বাক্যগঠনে ব্যবহার করা সহায়ক শব্দগুলো (auxiliary verb) শিখিয়ে, এই কয়েকটামাত্র শব্দ দিয়ে কীভাবে কত রকম বাক্য তৈরি হয় তা বোঝানো ও বারবার অনুশীলন করানো হয়েছে। ক্রমাগত অনুশীলনই হল শেখার পদ্ধতি—পাঠে রাখা বিভিন্ন ধরনের ইংরেজি বাক্যগুলো বার বার পড়ে ও বলে তার অর্থ বোঝা ও গঠন রপ্ত করা। বার বার পড়া, বলা, ও শোনার মাধ্যমে শিক্ষার্থীরা এক একটা ধরনের বাক্যের গঠন রপ্ত করবে এই উদ্দেশ্যে অনুশীলনের জন্য প্রতিটা পাঠে রাখা আছে অনেকগুলো করে বাক্যের উদাহরণ।
- সময়কাল বা টেন্স (tense) অনুযায়ী ইংরেজি বাক্যের গঠন বুঝতে শিক্ষার্থীদের বিশেষ সমস্যা হয়। এই কারণে বর্তমান, অতীত, ও ভবিষ্যৎ কালের বাক্যগুলো শেখানো ও অনুশীলন করানো হয়েছে, মিলিয়ে-মিশিয়ে নয়, বিশেষ সাবধানতায় বিভিন্ন পাঠে ভাগ করে আলাদা রেখে। পাঠগুলোকে বইয়ের তিনটি খণ্ডে ভাগ করে রাখা হয়েছে। প্রথম খণ্ডে বর্তমান কাল, দ্বিতীয় খণ্ডে অতীত ও ভবিষ্যৎ কাল, এবং পরবর্তী স্তরে, অন্যান্য ধরনের শব্দ ব্যবহার ও জটিল বাক্যের গঠন আলোচনা আছে বইয়ের তৃতীয় খণ্ডে।

- এই বইটি ব্যবহারের সময় লক্ষ রাখতে হবে যে প্রতিটা পাঠের আরম্ভে শেখার বিষয়টা বাংলায় বুঝিয়ে বলা হয়েছে। এই অংশগুলো শিশু শিক্ষার্থীদের পড়ার জন্য নয়। যারা শেখাবেন তাঁরা এই ব্যাখ্যার অংশগুলো পড়ে নিয়ে শিশুদের প্রয়োজনমতো বুঝিয়ে বলবেন। এরপর শিক্ষার্থীরা পাঠের বাক্যগুলো জোরে জোরে পড়বে পরপর প্রতিটা শব্দে আঙুল দিয়ে ও বাক্যের অর্থটা বুঝে নিজের মতো করে বলবে তার মাতৃভাষায়। বাক্যগঠনের বিশেষ দিক ও নতুন শব্দের ব্যবহার এক একটা পাঠের শেষে বলা আছে, শিক্ষার্থীদের মনে রাখার সুবিধার জন্য।
- আজকাল শহরাঞ্চলে কিছু অবস্থাপন্ন ঘরে প্রায়শই ইংরেজিতে কথোপকথন হতে দেখা যায়। সেখানে শিশুদের হয়তো ইংরেজি মাধ্যমেই ইংরেজি ভাষা শেখানো সম্ভব ইংরেজি গদ্য ও পদ্য পড়িয়ে আর নতুন নতুন শব্দ ব্যবহার করিয়ে। কিন্তু অন্যত্র, বিশেষত গ্রামাঞ্চলে ছবিটা একেবারেই অন্য। ইস্কুলের লেখাপড়ায় অবশ্যপাঠ্য ইংরেজি ভাষা অধিকাংশ স্কুলপড়ুয়া শিশুর কাছে একটা বিদেশি ভাষা—সে ভাষায় কথা শোনা, বলা বা বইপত্রে লেখা দেখার সুযোগ এই শিশুদের রোজকার জীবনে আদৌ নেই। মূলত এদের কথা ভেবেই এই বইয়ে ব্যবহার করা হয়েছে মাতৃভাষার মাধ্যমেই দ্বিতীয় একটি ভাষা হিসাবে ইংরেজি শেখার সহজ কথোপকথন পদ্ধতি।

বইটি অনেকের মিলিত প্রয়াসের ফসল। বইটির বিভিন্ন অংশ লিখেছেন ও মতামত দিয়ে সমৃদ্ধ করেছেন: ইন্দ্রাণী ঘোষ (অবসরপ্রাপ্ত অধ্যাপিকা, ইংরেজি ভাষা ও সাহিত্য, বিধাননগর কলেজ, কলকাতা), রত্নাবলী ব্যানার্জি (অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, নতুন দিল্লি), দুর্বা মুখার্জি (গবেষক, ইংরেজি সাহিত্য, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, কানপুর), ও সুতনু ভট্টাচার্য (অধ্যাপক, অর্থনীতি, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী)। সৌরলক্ষ্মী মেমোরিয়াল ট্রাস্টের শিক্ষাকেন্দ্রে পাঠগুলির প্রাথমিক প্রয়োগ করেছেন অহনা সরকার, পতিতপাবন পাল, ও দীপঙ্কর ভট্টাচার্য।

নভেম্বর, ২০১৯

ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

সুতনু ভট্টাচার্য

## সূচিপত্র

- মুখবন্ধ (3-4)
- কীভাবে ইংরেজি শেখা—এই বইয়ের পদ্ধতি (5-6)
- পাঠ 1. বাক্যে বলা — অতীতে যা ছিল (11-17)
- 1.1 আগে (অতীতে) যা ছিল বলতে ব্যবহার হয় was বা were
  - 1.2 was ও were দিয়ে বাক্যের গঠন
  - 1.3 অতীতে যা ছিল বলা
  - 1.4 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তর
  - 1.5 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তর জোর দেওয়া
  - 1.6 অতীতে কোনটা কী, কে, কার, কোথায় ছিল ইত্যাদি প্রশ্ন-উত্তর
- পাঠ 2. বাক্যে বলা — অতীতে যে কাজ কেউ করেছিল বা করত (18-27)
- 2.1 কয়েকটি কাজ শব্দের -ing, -en/ed, ও -ed রূপ
  - 2.2 অতীত কালের বাক্যের did ব্যবহার
  - 2.3 অতীতে যে কাজটা কেউ করেছিল বা করত
  - 2.4 অতীতে কাজটা কেউ করেছিল বা করত কিনা প্রশ্ন-উত্তর
  - 2.5 অতীতে কাজটা কেউ করেনি বা করত-না কিনা প্রশ্ন-উত্তর
  - 2.6 কেউ কেন, কখন, কোথায়, কোন্ কাজটা করেছিল বা করত প্রশ্ন-উত্তর
- পাঠ 3. কেউ যে কাজ পেরেছিল বা করতে পারা সম্ভব ছিল (28-34)
- 3.1 কোনও কাজ পেরেছিল, পারত (could), ও পারা সম্ভব ছিল (might)
  - 3.2 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না
  - 3.3 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না কিনা প্রশ্ন-উত্তর
  - 3.4 কোনও কাজ পেরেছিল বা পারত কিনা জোর দিয়ে প্রশ্ন
  - 3.5 কেউ কোন্ কাজটা কখন, কোথায় পেরেছিল বা পারত প্রশ্ন
  - 3.6 অতীতে করা অনুরোধ বা অনুমতি (might)
  - 3.7 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু করা (might)
  - 3.8 অতীতে কিছু হতে পারত, হওয়ার সম্ভাবনা ছিল (could be)
  - 3.9 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু হওয়া (might be)
- পাঠ 4. কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা (35-43)
- 4.1 কারও কোনও কিছু ছিল (had)
  - 4.2 বর্তমান ও অতীতকালের বাক্যগঠনে সহায়ক শব্দ
  - 4.3 কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা

- 4.4 কারও কোনও কিছু ছিল বা ছিল না প্রশ্ন-উত্তর
- 4.5 কারও কিছু থাকতে পারত বা পারত না
- 4.6 কারও কিছু থাকা বা না-থাকার সম্ভাবনা ছিল
- 4.7 কোনও কিছু পাওয়ার জন্য অনুরোধ করা
- 4.8 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল
- 4.9 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল নিয়ে প্রশ্ন-উত্তর

পাঠ 5. কেউ যে কাজটা করছিল বা করছিল না (44–49)  
(was/were ও কাজ শব্দের -ing রূপ)

- 5.1 অতীতে কেউ যে কাজটা করছিল বা করছিল না
- 5.2 অতীতে কেউ কাজটা করছিল কিনা প্রশ্ন ও উত্তর
- 5.3 অতীতে কেউ কাজটা করছিল কিনা জোর দিয়ে প্রশ্ন ও উত্তর
- 5.4 কাজটা কী, কোথায়, কখন, কীভাবে কেউ করছিল নিয়ে প্রশ্ন ও উত্তর
- 5.5 যে কাজটা কেউ করছিল বা করছিল না ভবিষ্যতের উদ্দেশ্যে

পাঠ 6. অতীতে যে কাজটা কেউ সমাপ্ত করেছিল (50–54)  
(had ও কাজ শব্দের -en/ed রূপ)

- 6.1 অতীতে যে কাজটা কেউ করেছিল অন্য একটি ঘটনার আগে
- 6.2 অতীতে কাজটা কেউ অন্য একটি ঘটনার আগে করেছিল কিনা প্রশ্ন
- 6.3 অন্য একটি ঘটনার আগে কোন্ কাজটা কখন কোথায় কেন করা হয়েছিল
- 6.4 হয়েছিল বা থেকেছিল বলা — been শব্দের ব্যবহার

পরে শিখব: *could have, might have* দিয়ে বাক্য

পাঠ 7. কিছু সময় ধরে যে কাজটা কেউ করে চলেছিল (55–58)  
(had been ও কাজ শব্দের -ing রূপ)

- 7.1 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল
- 7.2 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল তা নিয়ে প্রশ্ন
- 7.3 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল তা নিয়ে জোর দিয়ে প্রশ্ন
- 7.4 কিছু সময় ধরে কাজটা কী, কেন, কোথায়, কে করে চলেছিল

পরে শিখব: *could have been, might have been, must have been*

পাঠ 8. যে কাজ করা হবে বা যা হবে (will ও shall) (59–65)

- 8.1 will ও shall ব্যবহারের নিয়ম
- 8.2 ভবিষ্যতে কেউ কোনও কাজ করবে (will/shall)
- 8.3 ভবিষ্যতে কিছু হওয়া (will be ও shall be)
- 8.4 ভবিষ্যতে কারও কিছু থাকা (will have/shall have)



- 8.5 ভবিষ্যতে কারও কিছু করা প্রয়োজন (will have to/shall have to)  
8.6 বিশেষ নিয়ম: বাক্যের পর-নির্ভর অংশে will/shall হয় না  
8.7 ভবিষ্যতে কেউ কোনও কাজ করে চলবে (will be /shall be)  
8.8 will have ও will have been ব্যবহার

পাঠ 9. ভাবসূচক সহায়ক শব্দ (66–76)

- 9.1 would ও should ব্যবহারের সাধারণ নিয়ম  
9.2 will ও shall-য়ের বদলে would ও should ব্যবহার  
9.3 অতীত কালের বাক্যে would ও should ব্যবহার  
9.4 যা হয়নি কিন্তু হতে পারত— would have, should have ইত্যাদি  
9.5 শর্তসাপেক্ষ বাক্যে would, should, would have, could have ইত্যাদি  
9.6 উপদেশ, আদেশ— should, ought to, must, have to, am to  
9.7 হওয়া উচিত ছিল—ought to have (been), must have (been)  
9.8 can ও may ব্যবহারের বৈশিষ্ট্য  
9.9 could ও might ব্যবহারের বৈশিষ্ট্য  
9.10 can have ও may have ব্যবহারের বৈশিষ্ট্য  
9.11 could have ও might have ব্যবহারের বৈশিষ্ট্য  
9.12 কথোপকথনের বিশেষ শব্দ let, better, ought to, need, dare

পাঠ 10. প্যাসিভ ভয়েস (কর্মবাচ্য) বাক্যের গঠন (77–78)

পাঠ 11. যৌগ ও জটিল বাক্য (79–80)

সংযোজন: শব্দভান্ডার (81–92)



## পাঠ 1. বাক্যে বলা — অতীতে যা ছিল

আগে (অতীতে) যা ছিল বলা হয় বাক্যগঠনে সহায়ক শব্দ was বা were ব্যবহার করে। আমরা আগে শিখেছি, এখন (বা বর্তমানে) আছে বলতে ব্যবহার হয় am/is বা are । was ও were, এই দুটো হল am/is ও are-য়ের অতীত কালের রূপ। এগুলোর ব্যবহারের নিয়মও তাই একই।

### 1.1 আগে (অতীতে) যা ছিল বলতে ব্যবহার হয় was বা were

I	was	you	were	he	was
	উয়Z		উয়Z	বা she	উয়Z
it	was	this	was	that	was
	উয়Z		উয়Z		উয়Z
we	were	these	were	those	were
	উয়Z		উয়Z		উয়Z
they	were	there	was	there (একের	were
	উয়Z	(একটা হলে)	উয়Z	বেশি হলে)	উয়Z

মনে রাখো:

1. was,were, শব্দগুলোর কোনও আলাদা অর্থ নেই। এগুলি ব্যক্তি বা বস্তুর সঙ্গে বলা হয় তার অতীতের কাজ বা অবস্থার কথা বলতে।
2. was-এর সঠিক উচ্চারণ হবে ওয়াস্ বা ওয়াজ নয়, উয়Z।
3. এখানে there কোনও নির্দিষ্ট স্থান বোঝায় না । there-এর অর্থ হল অনির্দিষ্টভাবে বলা কোথাও একটা ।
4. ৪. কোনও কোনও ইংরেজি শব্দের উচ্চারণে বাংলার স-এর পরে বা জ-এর বদলে z দিয়ে বোঝানো হয়েছে, উচ্চারণ হবে z-এর মতো।

### was ও were দিয়ে বাক্যের গঠন

প্রথম খন্ডের পাঠগুলোতে বর্তমান কালের যে বাক্যগঠন শিখেছি, সাধারণত তার সহায়ক শব্দ বা মূল কাজ শব্দের রূপ বদলে অতীত কালের রূপ করে নিলেই আমরা অতীত কালের বাক্য পাব। এখানে ‘আছে’ বদলে হয়ে যাবে ‘ছিল’।

### 1.2 was ও were দিয়ে বাক্যের গঠন

বাক্যের ধরন	বর্তমান ‘আছে’	অতীত ‘ছিল’
1. ব্যক্তি বা বস্তুকে বর্ণনা	That <b>is</b> his pencil.	That <b>was</b> his pencil.
2. বর্ণনাটিকে প্রশ্ন করা	<b>Is</b> that his pencil?	<b>Was</b> that his pencil?
3. প্রশ্নে not ব্যবহার	<b>Is</b> that not his	<b>Was</b> that not his

করে জোর দেওয়া  
4. ব্যক্তি বা বস্তুটির  
অবস্থান জানতে প্রশ্ন

pencil?  
Where **is** his  
pencil?

pencil?  
Where **was** his  
pencil?

### 1.3 অতীতে যা ছিল বলা

There was a  
village.

The name of the  
village was  
**Phuldanga**.

There was a school in  
that village.

I was a student of  
that school.

You were **also** a  
student there.

Rajesh and Dolly were  
also students of that  
school.

We were friends.

Shyam was  
**another** boy in our  
school.

He was not our friend.

Javed was a  
student of our  
school.

There was an  
elephant in  
Phuldanga.

There were five cats.

There were trees  
and **ponds** in the  
village.

There were twenty  
houses.

There were flowers in  
the trees.

There was a table  
in the house.

There were two  
bags on the table.

There were books and  
pencils in the bags.

The books were  
mine.

The pencils were  
also mine.

Those were pencils.

This was your  
pencil.

That was her bag.

These were his books.

That was her dog.

He was a careless  
boy.

She was a lazy girl.

This was the book  
I used to read.

That book was mine.  
That was my book.

This book was yours.

This book was  
hers. This was her  
book.

This book was his.  
This was his book.

This was your book.  
These books were  
theirs. These were their  
books.

This ball was ours.

That ball was yours.

This school was theirs.

This was our ball. That was your ball. This was their school.  
This bag was hers. That house was ours. That school was yours.  
This was her bag. That was our house. That was your school.  
There were two boys. There were five girls. There were two boys  
and five girls.

1. **There** was a boy. This was his school. That was his village.

His house was **there**.

2. **There** was a village. A school was **there**.

3. That was Ram. That was his school.

4. There were two boys, Rahim **and** Javed.

5. There were two girls, Sita and Mita.

6. There was an elephant and a cat.

7. There **were** two cats **and** a dog. There **was** a cat and two dogs.

8. There **was** a teacher and five students.

মনে রাখো:

1. লেখায় ইংরেজি বাক্যের প্রথম শব্দের প্রথম বর্ণটি বড় হাতের (ক্যাপিটল) হবে।

2. নামের প্রথম বর্ণ সর্বদা বড় হাতের (ক্যাপিটল) হবে, যেমন—Rahim, Shyam, Dolly.

3. me, him, us ও them-এর ব্যবহার আর, you, your, ও her-এর অন্য আরেক রকম ব্যবহারের উদাহরণ পরে দেওয়া হবে।

4. শেষের বাক্যগুলিতে there শব্দটির ব্যবহার লক্ষ্য করো। প্রথম There-টির অর্থ কিন্তু কোনও নির্দিষ্ট স্থান বা ওখানে নয়—যেমন, একটি গ্রাম ছিল, বললে কোথায় বা কবে ছিল বোঝানো হয় না। পরের there-টি কিন্তু ব্যবহার হয়েছে ওই গ্রামে বা ওখানে বোঝাতে।

5. কখন There was হয় আর কখন There were হয়—ঠিক পরের শব্দটি কত পরিমাণ বোঝাচ্ছে, সংখ্যা এক না একের বেশি, অনুযায়ী।

লক্ষ্য করো: a ও the, আর and-এর ব্যবহার।

নতুন শব্দ: Phuldanga (ফুলডাঙা) একটি গ্রামের নাম; also (অলসো) সেও, সেটাও; another (অন্যদ্যর) আরেকটি; pond (পনড) পুকুর; near (নীয়ার) কাছে।

1.4 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তর

Was he your student?

Yes, he was my student.

No, he was not my student.

Were you a teacher? Yes, I was a teacher.  
No, I was not a teacher.

Were you a student? Yes, I was a student.  
No, I was not a student.

Was he Rajesh? Yes, he was Rajesh.  
No, he was not Rajesh.

Was he a student?  
Was I your teacher? Yes, you were my teacher.  
No, you were not my teacher.

Was she Sita?  
Was she a student?  
Was that a cat?  
Was that a dog?  
Was that an elephant?  
Was he the boy?  
Were they students? Yes, they were students.  
No, they were not students.

Were they your students? Yes, they were my students.  
No, they were not my students.

Were they his students?  
Were those flowers?  
Were those books?  
Were those trees?  
Were those cats?  
Was it a pencil?  
Was it a house?  
Was that the tree?  
Was it my book? Yes, it was your book.  
No, it was not your book.

Was it your book?  
Was it her pencil?  
Was it his bag?  
Was that his dog?  
Was that their house?

Was this dog yours?	Yes, this dog was mine. No, this dog was not mine.
Was this your book?	Yes, this was my book. No, this was not my book.
Was this her chair?	
Was that their school?	
Was that ball ours?	
Was this bag hers?	
Was that school yours?	Yes, that was our school. No, that was not our school.
Was that school theirs?	Yes, that was their school. No, that was not their school.
Was there an elephant here?	Yes, there was an elephant here. No, there were <b>no elephants</b> here.
Were there elephants here?	Yes, there were elephants here. No, there were <b>no elephants</b> here.
Was there a dog here?	Yes, there was a dog here. No, there were <b>no dogs</b> here.
Were there dogs here?	Yes, there were dogs here. No, there were <b>no dogs</b> here.

মনে রাখো:

- কমা চিহ্ন (,) থাকে যখন বাক্যটি চলছে। তাই কমা চিহ্নের পরের শব্দে বড় হাতের বর্ণ লাগে না। এখানে Yes শব্দটির পরে কমা আছে। ফুলস্টপ চিহ্নের (.) পর নতুন বাক্য শুরু হয়। তাই সেখানে বড় হাতের বর্ণ দেওয়া হয়।
- কথা বলার সময় প্রশ্নের উত্তরে বাক্যগুলির শেষে বিশেষ বস্তু বা বিষয়টি পুনরায় উল্লেখ না করলেও হয়, যেমন, Were you a student? -এর উত্তরে Yes, I was. বা No, I was not. বললেই চলে। নেতিবাচক প্রশ্নে তা হয় না।
- আবার লক্ষ্য করো শেষ দুটি বাক্যে there শব্দটির ব্যবহার।
- বুঝে নাও no dog, no elephant, না বলে কেন no dogs, no elephants, বলাটা ঠিক।

1.5 অতীতে যা ছিল নিয়ে প্রশ্ন ও উত্তর জোর দেওয়া

Was he not a student?	No, he was not a student. Yes, he was a student.
-----------------------	---

Was she not a teacher?  
Were you not a student?  
Was I not your student?

No, you were not my student.  
Yes, you were my student.

Was she not Sita?  
Was he not our teacher?

No, he was not our teacher.  
Yes, he was our teacher.

Was this not the book?  
Was this not his dog?

No, it was not his dog.  
Yes, it was his dog.

Was that not the elephant?  
Was he not the boy?  
Was that not his house?  
Was that not a bird?  
Was that not the road?  
Was it not her house?  
Was this not his ball?  
Was that not your house?  
Was that not our ball?

No, that was not your ball.  
Yes, that was your ball.  
No, that was not her school.  
Yes, that was her school.  
No, that ball was not ours.  
Yes, that ball was ours.  
No, this was not her school.  
Yes, this school was hers.

Was that not her school?  
Was that ball not ours?  
Was this school not hers?

Were those books not theirs?  
Were these five pencils not hers?

মনে রাখো: বলার সময় was not কে একসাথে বলা হয় wasn't বা উয়নট।

1.6 অতীতে কোন্টা কী, কে, কার, কোথায় ছিল ইত্যাদি প্রশ্ন-উত্তর

What was that? That was a bag.  
What were those? Those were pencils.  
Where were you? I was here.



Who was he?	He was Shyam.
Who were they?	They were students.
Where was the book?	The book was <b>on</b> the table.
Where was he?	He was there.
Where were the birds?	The birds were <b>in</b> the <b>sky</b> .
Where was the cat?	The cat was <b>on</b> the tree.
Where were your books?	My books were <b>in</b> that bag.
Where was your bag?	The bag was <b>on</b> my chair.
Where was his book?	His book was <b>in</b> his bag.
Where was your school?	My school was in a village.
Which was your house?	That was my house.
<b>Whose book</b> was this?	It was my book.
Whose house was that?	That was their house.
Which were your books?	Those were my books.
Which was his house?	That was his house.
Which were their bags?	These were their bags.
Which was her pencil?	That was her pencil.

মনে রাখো:

1. টেবিলের ওপরে বোঝাতে on আর ব্যাগের মধ্যে বোঝাতে in বলা হয়েছে।
2. Whose book বা Whose house প্রশ্নের নিয়মটি লক্ষ করো। যা নিয়ে প্রশ্ন, বই বা বাড়ি নিয়ে, তা Whose শব্দটির ঠিক পরে বলা হচ্ছে।
3. How, আর When দিয়ে প্রশ্ন করা পরে দেখানো হবে।

## পাঠ 2. বাক্যে বলা—অতীতে যে কাজ কেউ করেছিল বা করত

অতীতে যে কাজ হয়েছিল বা হত বলতে ব্যবহার করতে হবে কাজ শব্দের অতীত কালের রূপ, যার অর্থ কাজটা হয়েছিল। এই রূপটাকে আমরা বলব কাজ শব্দের -ed রূপ। এর আগে প্রথম খণ্ডের পাঠে শিখেছি কাজ শব্দের -ing রূপ (কাজটা করা হচ্ছে) ও -en/ed রূপ (কাজটা করা হয়েছে)। প্রথমে আমরা কয়েকটা কাজ শব্দের এই রূপগুলোর পাশাপাশি শিখে নেব -ed রূপটা (নিচের সারণির শেষ স্তম্ভে রাখা)। বিস্তারিত তালিকা দেখে নাও সংযোজনে 9 নম্বর সারণিতে।

### 2.1 কয়েকটি কাজ শব্দের -ing, -en/ed, ও -ed রূপ

কাজ শব্দ মূল রূপ	উচ্চারণ	শব্দটির অর্থ	করা হচ্ছে [-ing রূপ]	করা হয়েছে [-en/ed রূপ]	করা হয়েছিল [-ed রূপ]
be (is/are)	বী	কিছু হওয়া, কোথাও থাকা	being বীয়িং	been বীন্	(was/were) উয়Z/উয়র্
beat	বীট্	কাউকে মারা	beating বীটিং	beaten বীটন্	beat বীট্
bring	ব্রিং	আনা	bringing ব্রিংগিং	brought ব্রট্	brought ব্রট্
build	বিল্ড	বানানো	building বিল্ডিং	built বিল্ট	built বিল্ট
call	কঅল্	ডাকা	calling কলিং	called কঅলড্	called কঅলড্
catch	ক্যাচ্	চলন্ত কিছুকে ধরা	catching ক্যাচিং	caught কঅট্	caught কঅট্
climb	ক্লাইম্	ওপরে চড়া	climbing ক্লাইমিং	climbed ক্লাইমড্	climbed ক্লাইমড্
come	কাম্	আসা	coming কামিং	come কাম্	came কেএম্
cut	কাট্	কাটা	cutting কাটিং	cut কাট্	cut কাট্
dance	ডান্স	নাচা	dancing ডান্সিং	danced ডান্সড্	danced ডান্সড্

do	ডু	কিছু করা	doing ডুয়িং	done ডান্	did ডিড্
eat	ঈট্	খাওয়া	eating ঈটিং	eaten ঈটন্	ate এট্
fall	ফল্	পড়ে যাওয়া	falling ফলিং	fallen ফলন্	fell ফেল্
fly	ফ্লায়	ওড়া	flying ফ্লায়িং	flown ফ্লোন	flew ফ্লু
get	গেট্	পাওয়া	getting গেটিং	got গট্	got গট্
give	গিভ্	দেওয়া	giving গিভিং	given গিভন্	gave গেভ্
go	গো	যাওয়া	going গোয়িং	gone গন্	went ওয়েন্ট
happen	হ্যাপন্	ঘটা	happening হ্যাপনিং	happened হ্যাপন্ড	happened হ্যাপন্ড
have	হ্যাভ্	কিছু থাকা	having হ্যাভিং	had হ্যাড্	had হ্যাড্
hear	হীয়ার্	শোনা	hearing হীয়ারিং	heard হ্যর্ড	heard হ্যর্ড
keep	কীপ্	কাছে, দূরে, ভিতরে রাখা	keeping কীপিং	kept কেপট্	kept কেপট্
kill	কিল্	হত্যা করা	killing কিনিং	killed কিল্ড	killed কিল্ড
know	নোও	জানা	knowing নোওয়িং	known নোওন্	knew নীউ
learn	ল্যর্ন	শেখা	learning ল্যর্নিং	learnt ল্যর্নট্	learned ল্যর্নড
like	লাইক্	পছন্দ করা	liking লাইকিং	liked লাইকড	liked লাইকড
listen	লিসন্	কিছু শোনা	listening	listened	listened

			লিসনিং	লিসন্ড	লিসন্ড
live	লিভ্	বাস করা	living লিভিং	lived লিভড	lived লিভড
look	লুক্	তাকানো	looking লুকিং	looked লুকড	looked লুকড
lose	লুজ্	হারানো	losing লুজিং	lost লস্ট	lost লস্ট
make	মেইক্	তৈরি করা	making মেএকিং	made মেইড্	made মেইড্
move	মুভ্	নড়া বা সরা	moving মুভিং	moved মুভড	moved মুভড
play	প্লে	খেলা করা	playing প্লেয়িং	played প্লেড্	played প্লেড্
put	পুট্	কোনও জায়গায় রাখা	putting পুটিং	put পুট্	put পুট্
rain	রেইন্	বৃষ্টি হওয়া	raining রেইনিং	rained রেইন্ড	rained রেইন্ড
read	রীড্	পড়া	reading রীডিং	read রেড্	read রেড্
rise	রাইজ্	ওঠা	rising রাইজিং	risen রিজন্	rose রোজ
run	রান্	দৌড়ানো	running রানিং	run রান্	ran র্যান্
say	সে	বক্তব্য রাখা	saying সেয়িং	said সেড্	said সেড্
see	সী	দেখা	seeing সীয়িং	seen সীন্	saw সঅ
set	সেট্	অবস্থিত হওয়া	set সেটিং	set সেট্	set সেট্
sing	সিং	গান করা	singing সিংগিং	sung সাঙ্	sang স্যাঙ্

sit	সিট্	বসা	sitting সিটিং	sat স্যাট্	sat স্যাট্
sleep	স্লীপ্	ঘুমোনো	sleeping স্লীপিং	slept স্লেপট্	slept স্লেপট্
speak	স্পীক্	কথা বলা	speaking স্পীকিং	spoken স্পোকন্	spoke স্পোক্
stand	স্ট্যান্ড	দাঁড়ানো	standing স্ট্যান্ডিং	stood স্টুড	stood স্টুড
stop	স্টপ্	থামা	stopping স্টপিং	stopped স্টপড্	stopped স্টপড্
take	টেইক্	নেওয়া	taking টেএকিং	taken টেএকন্	took টুক্
talk	টঅক্	কারো সঙ্গে কথা বলা	talking টঅকিং	talked টঅকড্	talked টঅকড্
tell	টেল্	কাউকে বলা	telling টেলিং	told টোল্ড	told টোল্ড
throw	থ্রো	ছুঁড়ে দেওয়া	throwing থ্রোয়িং	thrown থ্রোন্	threw থ্রু
tire	টায়ার্	ক্লান্ত হওয়া	tiring টায়্যারিং	tired টায়্যারড্	tired টায়্যারড্
wait	ওয়েইট্	অপেক্ষা করা	waiting ওয়েইটিং	waited ওয়েইটড্	waited ওয়েইটেড্
walk	ওয়ক্	হাঁটা	walking ওয়কিং	walked ওয়কড্	walked ওয়কড্
want	ওয়ান্ট্	চাওয়া	wanting ওয়ান্টিং	wanted ওয়ান্টেড্	wanted ওয়ান্টেড্
watch	ওয়চ্	লক্ষ রাখা	watching ওয়চিং	watched ওয়চড্	watched ওয়চড্
write	রাইট্	লেখা	writing রাইটিং	written রিট্ন্	wrote রোওট্

মনে রাখো: এই did, had, ও been কে কাজ হিসাবে আলাদা করে বুঝতে হবে।

বাক্য গঠনে সহায়ক did, had, ও been কিন্তু আলাদা।

### বাক্যগঠন—অতীতে যে কাজ কেউ করেছিল বা করত

আমরা প্রথম খণ্ডের পাঠে শিখেছি, এখন (বর্তমানে) কেউ যে কাজটা সাধারণত করে তাকে ইংরেজিতে কী করে বলা হয়: যেমন,

রাজু ফুটবল খেলে। Raju plays football.

আগে করা (অতীত কালে) এই কাজটা নিয়ে দুই ধরনের বাক্য পাব: যেমন,

রাজু ফুটবল খেলেছিল। Raju played football.

রাজু ফুটবল খেলত। Raju used to play football.

বিশেষভাবে বুঝে রাখতে হবে played আর used to play-য়ের অর্থের পার্থক্য।

আগে শেখা বর্তমান কালের বাক্যগুলোর কাজ শব্দটাকে -ed রূপে পাল্টে নিলেই বাক্যের মানে হয়ে যায় অতীতে কাজটা ‘করেছিল’।

অতীতে ‘করেনি’ বলতে বা ‘করেছিল কিনা’ প্রশ্ন করতে, আমরা একইভাবে বর্তমান কালের বাক্যের do/does-কে অতীত কালের রূপে did করে নেব। অতীতকালে আমরা ব্যবহার করব একটাই শব্দ, did। মনে রাখো: **did** হল do ও does, দুটোরই অতীতকালের রূপ, এখানে do/does-য়ের মতো পার্থক্য করা হয় না।

## 2.2 অতীত কালের বাক্যের **did** ব্যবহার

বর্তমান কালের বাক্য

অতীত কালের বাক্য ও অর্থ

He plays football.

He **played** football.

ও কাজটি করেছিল।

Does he play football?

**Did** he play football?

ও কি কাজটি করেছিল?

He does not play football.

He **did not** play football.

ও কাজটি করেনি।

Does he not play football?

**Did** he not play football?

ও কাজটি কি সত্যিই করেনি ?

He does play football.

He **did** play football.

অবশ্যই ও কাজটি করেছিল।

Where does he play football?

Where **did** he play football?

ও কাজটি কোথায় করেছিল?

এই বাক্যগুলো ছাড়াও দ্বিতীয় ধরনের বাক্য হল, অতীতে কেউ একটি কাজ ‘করত’, বা ‘করত না’, বলা ও ‘করত কিনা’ প্রশ্ন করা। এর জন্যে বিশেষ প্রয়োগ হয় used শব্দটি, পরে to বসিয়ে। **used to** (ইয়ুস্‌ড টু) কোনও কাজে বা বিষয়ে অভ্যস্ত হয়ে থাকা; কাজ শব্দটি **use, using, used** (ইয়ুস্‌, ইয়ুসিঙ, ইয়ুস্‌ড)।

22। সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা

অতীত কালের বাক্যের অর্থ

কাজটি করত বলা

কাজটি করত কিনা প্রশ্ন করা

কাজটি করত না বলা

উদাহরণ

He **used to** play there.

**Did he use to** play there?

He **did not use to** play there.

2.3 অতীতে যে কাজটা কেউ করেছিল বা করত

কাজটা কেউ করেছিল

The boys played football.

He played football.

He liked biscuits.

They liked to dance.

Birds flew in the sky.

She sang in the afternoon.

The cat climbed a tree.

The teacher read to the students.

The students listened to the teacher.

She wrote stories.

He wrote letters to us.

She went to school.

I wanted to go to school.

I lived in a village.

He lived in a village.

They lived in this village.

I walked down that road to go to the station.

He went to the village from school.

He did his homework.

Ram spoke with me in English.

I spoke to him.

He slept in my house.

Shyam took the book from Ram.

He kept the book on the table.

I played football.

I liked to play football.

I liked to eat rice.

I danced in the morning.

Leaves fell from the trees.

The dog ran to that house.

He told stories to the students.

He told them stories.

She wanted to give biscuits to the cats.

They went to school.

She wrote him letters.

He wanted to go to school.

He told us stories.

They lived in the village.

She lived in that village.

I did my homework.

We walked up that road to go to our village.

Ram came to school from a village

They did their homework.

She kept her bag in her house.

I kept my pencils in a bag.

They slept here.

Shyam brought the books here.

Ram gave the pencils to us.

I put the pencil on the table.  
You threw the ball.  
We looked up to the sky.  
I knew him from childhood.

কাজটা কেউ করত

Rajesh **used to** sing.  
They used to climb trees.

He used to go there.  
We used to play **together**.

ব্যবহার লক্ষ্য করে: to, from, on, in, with, of, up, down. এগুলির আলোচনা প্রথম খণ্ডে করা হয়েছে। কোনও কাজ করা নির্দেশ করতে কাজটির আগে to বলতে হয়—যেমন, to play, to eat, to give, to go, to dance, to throw, to catch. এইভাবে কোনও বস্তুর দিকে নির্দেশ করতে বস্তুটির আগে to বসে—যেমন, to school, to the cats, to them। এগুলির আলোচনা প্রথম খণ্ডে করা হয়েছে।

নতুন শব্দ: **together** (টুগেদ্যর) একসঙ্গে, একত্রে; **child, children** (চাইল্ড, চিল্‌রেন) শিশু, একাধিক শিশু ।

2.4 অতীতে কাজটা কেউ করেছিল বা করত কিনা প্রশ্ন-উত্তর

করেছিল কিনা

Did you live here?

Yes, I lived here.

No, I did not live here.

Did you like the flowers?

Yes, I liked the flowers.

No, I did not like the flowers.

Did you go there?

Did you climb trees?

Yes, I climbed trees.

No, I did not climb trees.

Did you see that?

Did you like it?

Did they read books?

Yes, they read books.

No, they did not read books.

Did he like the biscuits?

Yes, he liked the biscuits.

No, he did not like the biscuits.



Did they go to school?	
Did I give you the book?	Yes, you gave me the book. No, you did not give me the book.
Did the cat climb that tree?	Yes, the cat climbed that tree. No, the cat did not climb that tree.
Did she dance?	Yes, she danced. No, she did not dance.
Did your pencil write?	Yes, it wrote. No, it did not write.
Did you go to school?	Yes, I went to school. No, I did not go to school.
Did you know her?	
করত কিনা	
Did Raju use to sing?	Yes, Raju <b>used to</b> sing. No, Raju did not use to sing.
Did he use to go there?	Yes, he used to go there. No, he did not use to go there.
Did you use to play together?	Yes, We used to play <b>together</b> . No, we did not use to play together.
Did they use to climb trees?	
Did Sita used to dance?	
Did the <b>children</b> used to play with the elephant?	
Did you used to hear the birds sing?	
2.5 অতীতে কাজটা কেউ করেনি বা করত-না কিনা প্রশ্ন-উত্তর	
Did you not live here?	No, I did not live here. Yes, I did live here.
Did you not like the flowers?	No, I did not like the flowers. Yes, I did like the flowers.
Did you not climb trees?	No, I did not climb trees. Yes, I did climb trees.

Did I not give you the book?  
Did you not see the game?  
Did they not read that book?  
Did he not like the biscuits?

No, he did not like the biscuits.  
Yes, he did like the biscuits.

Did you not like it?  
Did you not want this?  
Did they not like that song?  
Did they not go to school?  
Did she not dance in the morning?  
Did you not write a letter to me?  
Did you not tell her to go to school?  
Did you not go to school?  
Did he not do his homework?  
Did she not speak with them?  
Did the students not listen to the teacher?  
Did you not see the birds in the sky?

করত না কিনা

Did Raju not use to sing?  
Did he not use to go there?  
Did they not use to climb trees?  
Did Sita not used to dance?  
Did the **children** not used to play with the elephant?

মনে রাখো: বলার সময় did not কে একসাথে বলা হয় didn't বা ডিডনট। বাক্যের গঠন তাই একটু পাল্টে যায়।

2.6 কেউ কেন, কখন, কোথায়, কোন্ কাজটা করেছিল বা করত প্রশ্ন-উত্তর

What did you want? I wanted a biscuit.  
What did he want? He wanted a pencil.  
What did you eat? I ate rice.  
What did he eat?  
What did you do in the morning? I did my homework in the morning.  
What did they play?

What did he do today?

What did you say?

What did he say?

Where did he go to play?

He went to play in  
their house.

Where did you go?

When did the boys sleep?

When did she sleep?

When did you sleep?

When did they go to play?

When did you go to school?

When did he go to school?

When did they come from school?

When did you come from school?

Why did they bring the dogs here?

Why did he bring the cat to school?

Why did she not go to school?

Why did she not talk to us?

Why did you not speak with her?

Whom did I give this book to?

Whom did she want to talk to?

Who did you **think** he was?

How did you go to school?

How did you catch the ball?

**How** did they play?

How did she dance?

মনে রাখো:

1. এখানে কাজটি নির্দিষ্ট করতে Where, What, When, Why, Whom, How, প্রশ্নের প্রথমেই আসছে did-এর আগে।
2. শেষ বাক্য দুটি লক্ষ করো। how did they play, বা how did she dance প্রশ্নের অর্থ কীভাবে খেলে, কীভাবে নাচে নয়, কেমন খেলে, কেমন নাচে ।
3. এ পর্যন্ত শেখা শব্দ দিয়ে কিছু প্রশ্নের উত্তর হবে না কিছু বিশেষ শব্দ ছাড়া।
4. নতুন শব্দ: think, thinking, thought, (থিংক্ , থিংকিং, থঅট) ভাবা।

### পাঠ 3. কেউ যে কাজ পেরেছিল বা করতে পারা সম্ভব ছিল

আমরা আগে শিখেছি (প্রথম খণ্ড, পাঠ 5) ভাবসূচক সহায়ক শব্দ, can, may, ও must, যেগুলো ব্যবহার হয় এখন (বর্তমান কালে) কোনও কাজ করা সম্বন্ধে —করতে পারা (can), সম্ভাবনা, অনুমতি, বা প্রার্থনা (may), করা প্রয়োজন বা অবশ্যকরণীয় আদেশ (must)। অতীতে কাজটা করা সম্বন্ধে বলতে গেলে এই ভাবসূচক সহায়ক শব্দগুলো হয়ে যায় could ও might। অর্থাৎ, সাধারণভাবে বলা যায় যে could ও might হল can ও may-য়ের অতীত কালের রূপ। মনে রাখতে হবে, must-য়ের কোনও অতীতকালের রূপ হয় না, কারণ তার মানে হবে কাউকে অতীতে ফিরে গিয়ে সেই সময়ে কোনও কাজ করে ফেলার আদেশ দেওয়া, যা অসম্ভব।

এখানে আমরা প্রথমে শিখব can ও may-য়ের অতীতকালের রূপ হিসাবে could ও might-য়ের সাধারণ ব্যবহার। সাধারণ ব্যবহারে could বোঝায় অতীতে পেরেছিল বা পারত, আর might বোঝায় কাজটা করা সম্ভব ছিল। যেমন, She could dance.—বোঝায় ও নাচতে পেরেছিল অথবা নাচতে পারত, আর She might dance.—বোঝায় ওর নাচার সম্ভাবনা ছিল।

#### 3.1 কোনও কাজ পেরেছিল, পারত (could), ও করা সম্ভব ছিল (might)

could	কুড্	might	মাইট্
-------	------	-------	-------

#### বাক্যগঠন — could-য়ের সাধারণ ব্যবহার

ইংরেজিতে could বিভিন্ন ভাবে ব্যবহার হয়, এমনকী বর্তমান কালের বাক্যেও ব্যবহার হতে পারে, যা আপাতত শুধু জেনে রাখার জন্য নিচে উল্লেখ করা হল। এই ব্যবহারগুলো আমরা পরবর্তী পাঠে আলোচনা করব।

কোনও কিছু হতে পারে কিন্তু অনিশ্চিত

He could be at home.

অতীতে কী হতে পারত সম্বন্ধে সাধারণ কথা

It could be very hot there.

অতীতে যে কাজটা কেউ করতে পারত

He could speak English.

নম্র বিনয়ের সাথে অনুমতি চাওয়া

Could we go to play now?

কাউকে কোনও অনুরোধ করা

Could I get a glass of water?

কাউকে কিছু প্রদান করা

I could give you some food?

কোনও মতামত বা পরামর্শ দেওয়া

We could meet next week.

সাধারণ ব্যবহারে can-য়ের অতীতকালের রূপ হিসাবে could বোঝায় পেরেছিল বা পারত। বাক্যে কোন অর্থে ব্যবহার হয়েছে সেটা বাক্যটির প্রেক্ষিত অনুযায়ী বুঝে নিতে হবে। আমরা বাক্যের গঠন আগে যা শিখেছি, বাক্যগুলিও সেইভাবেই হবে। ইতিবাচক বাক্যের প্রথমেই বসবে যে বা যার কাজ নিয়ে বাক্যটিতে বলা হচ্ছে, ও

তারপরেই বসবে could। এরপর বসবে যে কাজটা পারা না পারা নিয়ে বলা হচ্ছে এই কাজ শব্দটা ও প্রয়োজন হলে কাজটার লক্ষ্য বা উদ্দেশ্য। প্রশ্নসূচক বাক্যে could শব্দটি বাক্যের প্রথমে চলে আসবে ও বাক্যটি প্রশ্ন চিহ্ন দিয়ে শেষ হবে। নেতিবাচক বাক্যে not বসবে কাজ শব্দটার আগে।

বর্তমান কালের বাক্য

অতীত কালের বাক্য ও অর্থ

She can dance.  
ও নাচতে পারে।

She could dance.  
ও নাচতে পারত (পেরেছিল)।

Can she dance?  
ও কি নাচতে পারে?

Could she dance?  
ও কি নাচতে পারত (পেরেছিল)?

She cannot dance.  
ও নাচতে পারেনা।

She could not dance.  
ও নাচতে পারত (পেরেছিল)।

Can she not dance?  
ও কি সত্যিই নাচতে পারেনা?

Could she not dance?  
ও কি নাচতে পারত না (পারেনি)?

How can she say that?  
ও কী করে একথা বলতে পারল?

How could she say that?  
ও কী করে একথা বলতে পেরেছিল?

3.2 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না

I could read books.

You could write stories.

He could write in English.

I could not read English.

You could not write in English.

He could not write English.

She could tell stories.

We could read.

She could read.

She could not tell stories.

We could not read.

She could not read.

She could not eat rice.

She could sing.

She could dance.

They could play football.

They could climb trees.

They could write.

They could not play football.

They could not climb trees.

They could not write.

We could not go to school.

He could run from his house to the station.

I could walk from home to school.

The cat could not climb that tree.

I could see the birds fly in the sky.

The dog could not run.

Ram could <b>speak</b> there <b>in English.</b>	He could <b>speak English.</b>	They could speak in English.
She could speak with them in English.	He could speak in English.	They could speak with us in English.
He could talk to the teacher.	I could talk to her.	She could write in English.
He could write English.	He could write letters to me in English.	They could tell stories in English.

মনে রাখো:

- ব্যবহারের পার্থক্য—tell, speak, আর talk ।
- ‘speak English’ আর ‘speak in English’-এর মধ্যে তফাত লক্ষ্য করো। প্রথমটার মানে ওই ভাষাটা বলতে পারা, আর দ্বিতীয়টা ওই ভাষাতে কিছু বলা।
- read-এর ক্ষেত্রে শুধু English হবে। speak আর write-এর ক্ষেত্রে speak English, ও speak in English, আর write English, ও write in English দুটোই ঠিক হয় দুই অর্থে।

3.3 কোনও কাজ পেরেছিল বা পারেনি, পারত বা পারত না কিনা প্রশ্ন-উত্তর

Could you write English?	Yes, I could write English. No, I could not write English.
Could he write in English?	Yes, he could write in English. No, he could not write in English.

- Could he read English?  
 Could you hear me?  
 Could she hear you?  
 Could you hear the song?  
 Could you climb trees?  
 Could he play football?  
 Could you speak to the students?  
 Could he go to school yesterday?  
 Could they play football?  
 Could they write their names?  
 Could the dog run?  
 Could she dance yesterday?

মনে রাখো: speak to আর speak with-এর অর্থ আলাদা। প্রথমটা কাউকে কিছু বলা, আর দ্বিতীয়টা কারো সঙ্গে কথা বলা।

3.4 কোনও কাজ পেরেছিল বা পারত কিনা জোর দিয়ে প্রশ্ন

Could you not write?

No, I could not write.

Yes, I could write.

Could he not write in English?

No, he could not write in English.

Yes, he could write in English.

Could they not speak English?

Could they not talk to the students?

Could the cat not climb that tree?

Could she not sing?

Could you not hear the song?

Could they not play football yesterday?

Could he not go to school yesterday?

মনে রাখো: বলার সময় Could not-কে একসাথে Couldn't বলা হয়। এতে বাক্যের গঠন একটু পাল্টে যায়। যেমন, Could you not write? হয়ে যায় Couldn't you write? ইতিবাচক প্রশ্নের উত্তরে শুধু Yes বা No বললেও চলে। কিন্তু নেতিবাচক প্রশ্নের উত্তরে বক্তব্য পুরোটা বলতে হয় হ্যাঁ বা না-এর বিধান্তি এড়াতে।

3.5 কেউ কোন কাজটা কখন, কোথায় পেরেছিল বা পারত প্রশ্ন

What could I do for you?

What could she give him?

What could he play?

Which book could I take?

Which song could they sing?

Which book could I give her?

Where could I get the book?

Where could they play?

Where could they learn to dance?

How could I go to the station?

How could they play here?

How could they learn English?

মনে রাখো: could শব্দটি অন্য ভাবে ব্যবহার করে ওপরের বাক্যগুলো বর্তমান কালও বোঝাতে পারে।

**বাক্যগঠন —might-য়ের ব্যবহার**

সাধারণভাবে might ব্যবহার হয় অতীতে অনুরোধ করা বা অনুমতি চাওয়া বা দেওয়া হয়েছিল বলতে। এই ব্যবহার হল may-য়ের অতীত কালের রূপ।

মনে রাখতে হবে, এই অতীতকালের রূপ ছাড়াও বাক্যে might ব্যবহার হয় বর্তমান বা ভবিষ্যতেও কোনও কিছু করা বা হওয়াকে অনিশ্চিত বোঝাতে।

নেতিবাচক ব্যবহার হবে might not। Might দিয়ে প্রশ্নসূচক বাক্য সাধারণত হয় না; একমাত্র অতি বিনয়ী আনুমতি চাওয়ার ক্ষেত্রে ব্যবহার হতে পারে— যেমন, Might I bring the book tomorrow? Might I ask you a question?

### 3.6 অতীতে করা অনুরোধ বা অনুমতি (might)

He asked if he might come later.	I told you that you might give it to her.	If you allowed, they might go to school.
They might play after the school.	You might see him if he wanted.	He might talk to me if he wanted.
You thought you might like to do it.	He wished he might do it.	If you wanted you might talk to them.

### 3.7 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু করা (might)

I might read this book.	You might like to go there.	They might bring biscuits for you.
You might go to see him.	They might listen to the teacher.	She might take it.
You might tell me a story.	You might write stories in English.	The students might speak in English.
I might go to my house.	She might speak in English.	She might go to her village.
He might come to see me.	You might sit down to write.	You might go there to see him.
They might go there.	I might walk to school today.	You might know him.
He might not go there.	She might not dance here.	He might not sleep now.
I might go there.	He might come.	You might like to talk to her.
She might go to see Sita dance.	The students might play today.	He might read stories to the students.



I might tell you a story.	He might see you today.	He might like to write stories.
You might find it there.	She might like the book.	You might not find it there.
They might not play now.	We might not take these from him.	I might not say this to her.
She might not take the book from him.	He might not give the ball to them.	She might not sing here.
He might not run to the station.	He might not climb that tree.	It might not rain today.
He might not come.	They might not go there.	I might not go there.
She might not talk to me.	They might not speak with him.	He might not talk to them.
They might not play football.	She might not go to her village.	He might not do his homework today.
She might not go to see Sita dance.	The students might not play now.	He might not read stories to them.

**অতীতে কোনও কিছু হওয়া, কোথাও থাকা, ও তার সম্ভবনা (could be ও might be)**

আগে বর্তমান কালের বাক্যে be শব্দটির ব্যবহার শিখেছি। তার পাশাপাশি দেখলে অতীত কালের বাক্যগুলির গঠন বুঝতে সুবিধা হবে—

বর্তমান কাল

অতীত কালের রূপ

That can be a bird.  
 That cannot be a bird.  
 Can that be a bird?  
 Can that not be a bird?  
 This may be the book.  
 This may not be the book.  
 May I be there?  
 May I not be there?  
 That must be a snake.

That could be a bird.  
 That could not be a bird.  
 Could that be a bird?  
 Could that not be a bird?  
 This might be the book.  
 This might not be the book.  
 হয় না  
 হয় না  
 হয় না

That must not be a snake.            হয় না  
Must I be there?                        হয় না  
Must I not be there?                   হয় না

3.8 অতীতে কিছু হতে পারত, হওয়ার সম্ভাবনা ছিল (could be)  
You could be a good student.    He could not be a bad student.  
They could not be bad boys.      The road could not be that bad.  
That could be a bird.                That could be the train.  
This could not be that book.        They could not be her friends.

লক্ষ করো: এখানে 'be' শব্দটির কোনও কিছু হওয়া বোঝায়।

3.9 বর্তমান বা ভবিষ্যতে অনিশ্চিত কোনও কিছু হওয়া (might be)  
That might be the girl.              That might be the dog.  
That might be the road to          This might be the book.  
the station.  
It might be a snake.                  That might be the student.  
She might not be careless.          He might not be lazy.  
There might be rain today.          Those booka might be ours.  
The book might be on the            The book might not be on the  
table.                                      table.  
This might be a flower.              That might be the house.  
It might not be her pencil.          He might not be there.  
মনে রাখো: সম্ভাবনাসূচক এই বাক্যগুলি বর্তমান কালে ব্যবহার হয়।

পরে শিখব: সহায়ক শব্দ *would, should*।

## পাঠ 4. কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা

আমরা আগে শিখেছি এখন (বর্তমান কালে) কারও কিছু আছে বা নেই বলতে have/has ব্যবহার করতে হয় (প্রথম খন্ডের পাঠ 6)। এবার শিখব, অতীতে কারও কিছু ছিল বা ছিল না বলতে আমরা ব্যবহার করব একটাই শব্দ, had (হ্যাড)। অর্থাৎ, had হল have ও has, দুটোরই অতীতকালের রূপ। এখানে আর have/has-য়ের মতো পার্থক্য করার নেই।

### 4.1 কারও কোনও কিছু ছিল (had)

আমরা বর্তমান কালে have, has-এর দুই রকম ব্যবহার দেখেছি—কাজ শব্দ হিসাবে ও বাক্য গঠনে সহায়ক শব্দ হিসাবে। অতীত কালের বাক্যে had শব্দটিরও দুই রকম ব্যবহার পাব—কাজ শব্দ হিসাবে ও বাক্য গঠনে সহায়ক শব্দ হিসাবে।

### ছিল অর্থে কাজ শব্দ হিসাবে বাক্যে had-এর ব্যবহার

আগে যে কয়েকটা ধরনের বাক্যের গঠন শিখেছি, had দিয়ে একইভাবে ওই ধরনের বাক্য গঠন করা যাবে।

1. সাধারণ ইতিবাচক বাক্য: বাক্যের প্রথমেই বসবে যে বা যাকে নিয়ে বাক্যটি বলা হচ্ছে, ও তারপরে বসবে ছিল অর্থে কাজ শব্দ had । এরপর বসবে যে বস্তু বা বিষয়টা আছে, যেমন—

She had a book. I had pencils. You had two bags.

এখানে had অধিকার বোঝায় বলে I, you, he, she, we, they-এর অর্থ হয়ে যায় আমার, তোমার, ওর, আমাদের, ওদের।

2. নেতিবাচক বাক্য: এখানে দুই রকমের বাক্যগঠন হতে পারে no আর not ব্যবহার করে। কোনও বস্তুর একেবারেই না থাকাকে বলা হয় বস্তু শব্দটির আগে no বসিয়ে, যেমন, no books, no pencils, no bags, no cats, no dogs ইত্যাদি। সুতরাং, কারও কোনও একটি বস্তু একেবারেই নেই বলতে আমরা had-কে ব্যবহার করে এই ধরনের বাক্য গঠন করতে পারি—

I had no books. You had no pencils. He had no bags.

এই ধরনের বাক্যের অর্থ নেতিবাচক হলেও গঠন কিন্তু নেতিবাচক নয়। একমাত্র জিনিসটাই একেবারেই নেই বলতে হলে তবেই এই ধরনের বাক্য গঠন করা যাবে। আছে-য়ের বিপরীত নেই বলতে নেতিবাচক বাক্যে not have (not had নয়) ব্যবহার হবে। আগে শিখেছি, কাজ শব্দটির আগে not দিয়ে বাক্য গঠন করতে বর্তমান কালে সহায়ক শব্দ হিসাবে do/does ব্যবহার হয়। এখানে, অতীতকালে not have দিয়ে বাক্য গঠন করতে আমরা সহায়ক শব্দ হিসাবে did

ব্যবহার করব। এই ধরনের বাক্যের প্রথমে বসে যাকে নিয়ে বাক্যটি সে, ও তারপর বসে did । এরপর বসে not have শব্দটি ও তারপর বস্তু বা বিষয়টা —

I did not have books. You did not have the pencil.

He did not have two bags. She did not have a toy.

লক্ষ করো, বাক্যে did শব্দটা থাকলে সর্বদা have বলা হয়।

3. প্রশ্নসূচক বাক্য: প্রথমে Did শব্দটি বসবে, তারপর বসবে যাকে নিয়ে প্রশ্ন করা হচ্ছে সে। এরপর বসবে have ও তারপর বস্তু বা বিষয়টা । বাক্যটি শেষ হয় প্রশ্ন চিহ্ন (?) দিয়ে। যেমন—

Did you have books? Did he have two bags?

Did they have dogs? Did Raju have the pencil?

Did she have bags? Did your trees have flowers?

কারও কোনও একটি বস্তু একেবারেই কি নেই, এই প্রশ্ন করা হবে—

Did he have no books? Did you have no pencils?

Did he have no bags? Did the tree have no flowers?

4. প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: প্রশ্নে জের দিতে not ব্যবহার করা হয়, প্রশ্নসূচক বাক্যে have-য়ের ঠিক আগে not দিয়ে। যেমন—

Did you not have books? Did she not have bags?

Did you not play football? Did he not do his homework?

5. অতীতে কোনও বস্তুর অধিকার পাওয়া, লাভ করা, লাভ করার সম্ভাবনা ছিল বোঝানোর বাক্য: এই বাক্যগুলো সাধারণ ইতিবাচক বাক্য মতোই হয়, শুধু had-য়ের বদলে বসে could have, might have । আগে শিখেছি যে বাক্য গঠনে সহায়ক শব্দ could, might কিছু বিশেষ অর্থের ভাব বহন করে—পারত (could), সম্ভাবনা (might) । সেই অনুযায়ী এই বাক্যগুলোর অর্থ আলাদা হয়। যেমন — You could have the book. তুমি বইটা নিতে পারতে; You might have the book. তোমার কাছে বইটা হয়তো ছিল (সম্ভাবনা)।

বর্তমান কালের বাক্যগুলি, যা আমরা আগে শিখেছি, তার পাশাপাশি অতীত কালের বাক্যগুলিকে দেখলে বাক্য গঠনের পার্থক্য নজরে পড়বে—

4.2 বর্তমান ও অতীতকালের বাক্যগঠনে সহায়ক শব্দ

কাজ শব্দটি বাক্যে সক্রিয় তাই সহায়ক শব্দের দরকার নেই

বর্তমান কালে ছিল have

অতীত কালে ছিল had

I have books.

I had books.

You have pencils.  
He has bags.  
I have a book.  
You have the pencil.  
He has two bags.  
I have no books.  
You have no pencils.  
He has no bags.

You had pencils.  
He had bags.  
I had a book.  
You had the pencil.  
He had two bags.  
I had no books.  
You had no pencils.  
He had no bags.

নেতিবাচক ও প্রশ্নসূচক বাক্যে সহায়ক শব্দ দরকার হয়

বর্তমান কাল (do/does)

I do not have books.  
You do not have the pencil.  
He does not have two bags.  
Do you have books?  
Do you have pencils?  
Do you have the pencil?  
Does he have two bags?  
Does he have bags?  
Do you have no books?  
Do you not have books?  
Do you have no pencils?  
Do you not have pencils?  
Does he have no bags?  
Does he not have bags?  
Do you not have a pencil?  
Does he not have two bags?

অতীত কাল (did)

I did not have books.  
You did not have the pencil.  
He did not have two bags.  
Did you have books?  
Did you have pencils?  
Did you have the pencil?  
Did he have two bags?  
Did he have bags?  
Did you have no books?  
Did you not have books?  
Did you have no pencils?  
Did you not have pencils?  
Did he have no bags?  
Did he not have bags?  
Did you not have a pencil?  
Did he not have two bags?

4.3 কারও কোনও কিছু ছিল বা ছিল না বলা

I had that book.  
She had two bags.  
They had two dogs.  
Ram had a dog.  
He had a house here.  
His house had four doors and

You had five pencils.  
He had a ball.  
Sita had a cat.  
The village had ten houses.  
The school had twenty students.  
They had two houses there.

ten windows.

The school had five teachers.

They had two tables.

The dog had no tail.

I had no books.

He had no houses.

You had no pencils.

The tree had no leaves.

We did not have a book.

I did not have that book.

জোর দিয়ে বলা

I did have the book.

He did have a pencil.

He did have a bag.

He did have tables and chairs.

মনে রাখো: সাধারণভাবে কোনও বস্তু হলে তার আগে no বসে। কিন্তু, নির্দিষ্ট বস্তু বা সংখ্যার নির্দেশ থাকলে not বসে।

The village had one school.

He had a house in this village.

He had no bags.

The village had no schools.

Their house had no windows.

They had no chairs.

That tree had no flowers.

She did not have the pencil.

He did not have bags.

You did have those books.

That tree did have flowers.

He did have a house.

The house did have four windows.

4.4 কারও কোনও কিছু ছিল বা ছিল না প্রশ্ন-উত্তর

Did they have a cat?

Yes, they had a cat.

No, they did not have a cat.

Did you have the book?

Did you have a pencil?

Did the birds have wings?

Did she have books?

Did he have a house there?

Did they have houses there?

Did the cat have a tail?

Did it have four legs?

Yes, it had four legs.

No, it did not have four legs.

Did the house have four doors?

Did the house have ten windows?

Did the village have a school?

Did he have a pencil?

Did the bag have a hole?  
Did the tree have leaves?  
Did the boy have **fever**?  
Did that tree have flowers?  
Did she have **no** books?

No, she did not have books.  
Yes, she did have books.  
No, they did not have pencils.  
Yes, they did have pencils.

Did they have no pencils?  
Did the dog not have a tail?  
Did the students have no bags?  
Did the tree have no leaves?  
Did he have no friends?  
Did you **not** have that book?  
Did they not have that book?  
Did he not have fever?

No, he did not have fever.  
Yes, he did have fever.

মনে রাখো: চলিত কথায় আজকাল ‘a fever’ বলা হয়। পুরো কথাটা আসলে ‘a bout of fever’, যেমন, ‘a glass of water’। পুরোটা না বলে শুধু ‘a fever’ বললে ‘a’ শব্দটির ব্যবহারে সমস্যা হয়।

4.5 কারও কিছু থাকতে পারত বা পারত না

He could have that book.	He could not have that book.
I could have those books.	I could not have those books.
They could have some biscuits.	They could not have some biscuits.
She could have a few biscuits.	She could not have a few biscuits.
You could not have food there.	You could not have food there.
He could have his food here.	He could not have his food here.
You could have this chair.	You could not have this chair.
They could have those tables.	They could not have those tables.
My house could not have dust.	My house could not have dust.
Those bags could have holes.	These bags could not have holes.

4.6 কারও কিছু থাকা বা না-থাকার সম্ভাবনা ছিল

He might have a house there. The house might have dust in it.

You might have the pencil.	She might have the bag.
I might have the book with me.	You might have the pencil in your house.
She might have the bag in her house.	They might have the ball with them.
You might have the book.	They might have the ball.
They might not have bags.	She might not have the bag.
You might not have the book.	He might not have a pencil.

মনে রাখো:

1. 'You might have it'-এর দুটি অর্থ হয়—এটা তোমার কাছে থাকতে পারত, ও তুমি এটা নিতে পারতে।
2. এই বাক্যগুলোতে could have ও might have ব্যবহার হয়েছে কারণ কাছে কোনও বস্তু থাকা না-থাকা ও তার সম্ভাবনা বোঝাতে। অন্য ধরনের ব্যবহার শিখব could have ও might have-য়ের সাথে কাজ শব্দের -en/ed রূপের।

4.7 কোনও কিছু পাওয়ার জন্য অনুরোধ করা

Could I have the book please?	Could I have a flower please?
Could they have the ball please?	Could I have it please?
Could I have a pencil please?	Could he have a book please?
Could they have biscuits please?	Could she have a bag please?
Could you give me a glass of water please?	Could you give them some food please?

মনে রাখো: এই প্রশ্নসূচক বাক্যগুলি অনুরোধ করতে **বর্তমান কালেই ব্যবহার হয়**, যদিও বাক্য গঠনে Could থাকায় অতীত কালের বাক্য বলে ভুল ধারণা হতে পারে।

**অতীত কালের বাক্যগঠনে সহায়ক শব্দ হিসাবে had-এর ব্যবহার**

বাক্যগঠনে সহায়ক শব্দ হিসাবে ব্যবহার হলে had-এর কোনও নির্দিষ্ট অর্থ হয় না। আগে had-সহ কাজ শব্দের বিশেষ শব্দগুচ্ছ—যেমন, had spoken অথবা had been speaking ইত্যাদি, বাক্যগঠনে ব্যবহার হয়। এই বিশেষ ব্যবহার আমরা পরে শিখব। এখানে আমরা দেখব বাক্যে কীভাবে had to ব্যবহার হয়।

**বাক্যের গঠন—কোনও একটা কাজ করা অবশ্যকর্তব্য ছিল বলা**

কাজ শব্দের আগে to বসিয়ে কাজ করাকে নির্দেশ করে এমন কয়েকটি শব্দ আমরা আগে শিখেছি, যেমন, to play, to eat, to give, to go, to dance, to throw, to catch, to have ইত্যাদি। এই শব্দগুচ্ছের সামনে had থাকলে বোঝায় আগে 40। সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা



(অতীত কালে) ওই কাজটা করা অবশ্যকর্তব্য ছিল, যেমন— had to play, had to eat, had to give, had to go, had to dance, had to throw, had to catch, had to have ইত্যাদি। এখানে had to কোনও একটা কাজ করার নির্দেশসূচক। তাই I, you, he, she, we, they-য়ের সঙ্গে had to ব্যবহার হলে এগুলোর অর্থ হয়ে যাবে আমাকে, তোমাকে, ওকে, আমাদেরকে, ওদেরকে।

1. সাধারণ ইতিবাচক বাক্য: বাক্যের প্রথমেই বসবে যে বা যাকে নিয়ে বাক্যটি বলা হচ্ছে। তারপরে বসবে had to ও কাজ শব্দটা। ও এরপর বসবে যে বস্তু বা বিষয় নিয়ে কাজটা, যেমন—

She had to have a book. I had to have pencils.

2. নেতিবাচক বাক্য: কোনও একটা কাজ করার প্রয়োজন নেই বলতে বাক্যগঠনে ব্যবহার হবে did not have to যেমন—

You did not have to play. She did not have to dance.

3. প্রশ্নসূচক বাক্য: প্রথমে Did শব্দটি বসবে, তারপর বসবে যাকে প্রশ্ন করা হচ্ছে সে। এরপর বসবে have to, কাজ শব্দটা ও তারপর বস্তু বা বিষয়টা। বাক্যটি শেষ হয় প্রশ্ন চিহ্ন (?) দিয়ে। যেমন—

Did you have to have it? Did she have to dance?

Did he have to have a pen? Did you have to play?

প্রশ্নের উত্তরে সাধারণত হ্যাঁ বা না বলে নিয়ে প্রশ্নের মূল কথাটির পুনরাবৃত্তি করা হয়। প্রশ্নের উত্তর ‘না’ হলে, প্রশ্নের পুনরাবৃত্তিতে বাক্যে do শব্দটি এসে পড়ে, যার প্রয়োজন এমনিতে হয় না—

Yes, I had to have it.

No, I did not have to have it.

Yes, she had to dance.

No, she did not have to dance.

Yes, he had to have a pen.

No, he did not have to have a pen.

Yes, I had to play.

No, I didn't have to play.

4. প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: প্রশ্নে জোর দিতে not ব্যবহার করা হয়, প্রশ্নসূচক বাক্যে have to-য়ের ঠিক আগে not দিয়ে। যেমন—

Did you not have to play? Did she not have to dance?

Did you not have to have books? Did you not have to have a book?

Did you not have to give the book to him? Did he not have to have the book?

#### 4.8 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল

I had to have the book.	You had to have a bag.
He had to have a ball.	We had to have a table.
I had to go there yesterday.	You had to give the books to the students.
He had to go to his village.	He had to run to catch them.
We had to see the game.	I had to talk to them.
I had to sleep in the afternoon.	You had to take some rice.
She had to read the book.	She had to go to school.
I had to sing in the morning.	You had to go to school.
He had to listen to the teacher.	He had to catch fish.
I had to go to my village.	You had to read this book.
I had to catch a train.	We had to take that train.
I had <b>to be</b> there now.	You had to be in school now.
I had to be with you now.	He had to be with me now.
She had to be in her school with her teacher now.	They had to be in the train with their teacher now.
You had to be careful.	You had to be here.

মনে রাখো: এই 'to be', বাক্য গঠনে মূল কাজ শব্দ 'be'-এর থেকে আলাদা।

#### 4.9 অতীতে যে কাজটা করা অবশ্য প্রয়োজন ছিল নিয়ে প্রশ্ন-উত্তর

Did I have to go?	Yes, you had to go.
	No, you did not have to go.
Did you have to go?	Yes, I had to go.
	No, I did not have to go.
Did they have to play football?	
Did she not have to go to school?	
Did she have to go to school?	Yes, she had to go to school.
	No, she did not have to go to school.
Did he have to climb that tree?	Yes, had to climb that tree.
	No, he did not have to climb that tree.

Did he not have to tell her the story? Yes, had to tell her the story.  
her the story? No, he did not have to tell her the story.  
Did he not have to catch the train today?  
Did you not have to catch the train now?  
মনে রাখো: কোনও কাজ না করা বললে, কাজ (have) শব্দটির আগে not বসে।

## পাঠ 5. কেউ যে কাজটা করছিল বা করছিল না

was/were ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার

আগে শিখেছি (প্রথম খণ্ড, পাঠ 8) বর্তমান কালে, কেউ কোনও একটি কাজ করে চলেছে, এটা বলতে কাজ শব্দের -ing রূপ ও সহায়ক কাজ শব্দ am/is বা are ব্যবহার হয়। এবার শিখব, অতীতে কেউ কোনও একটি কাজ করছিল কী করে বলব। অতীতকালের বাক্য একই ভাবে হবে, শুধু সহায়ক শব্দ am/is ও are-এর জায়গায় was ও were ব্যবহার করে। আগে (দ্বিতীয় খণ্ডের পাঠ 1.1) আমরা শিখেছি was ও were ব্যবহারের নিয়ম। সেইসঙ্গে কাজ শব্দের -ing রূপগুলো মনে করে নিতে হবে (দ্বিতীয় খণ্ডের পাঠ 2.1)। বাক্যের গঠন একই থাকবে।

আমরা মোট পাঁচটি ধরনের বাক্য পাব যার গঠন এই রকম—

ইতিবাচক বাক্য:                   যে করছিল + was/were + কাজ শব্দের -ing রূপ  
নেতিবাচক বাক্য:                   যে করছিল + was/were + not + কাজ শব্দের -ing রূপ  
প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: Was/Were + যে করছিল + কাজ শব্দের -ing রূপ  
প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: Was/Were + যে করছিল + not + কাজ শব্দের -ing রূপ  
নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: What/ Where/Who/ইত্যাদি + was/were + যে করছিল  
+ কাজ শব্দের -ing রূপ

বাক্যগুলির গঠনের উদাহরণ—

I was sleeping.	I was not sleeping.
Was he sleeping?	Were you not sleeping?
Where was he sleeping?	

### 5.1 অতীতে কেউ যে কাজটা করছিল বা করছিল না

I was walking.	You were walking.	He was walking.
They were running.	I was reading a book.	You were eating biscuits.
They were reading books.	That dog was sleeping.	He was telling a story.
They were playing football.	Those boys were playing with a ball.	They were playing with the dog.
They were playing in the rain.	She was sleeping in her bed.	Leaves were falling from the tree.

The dog was running.	The students were talking.	Dolly was going to school.
Shyam was going to school with Ram.	Jadu was going to school with Shyam.	Ram, Shyam, and Jadu were going to school.
She was giving biscuits to him.	He was giving sweets to her.	They were going to school.
I was doing my homework.	You were doing your homework.	She was doing her homework.
I was having rice.	You were having biscuits.	They were having biscuits.
I was having fever.	You were having fever.	He was having a biscuit.
Ram was making a toy.	Shyam was playing with a toy.	Sita was dancing.
It was raining then.	The Sun was rising in the east.	The Sun was setting in the west.
I was not running then.	They were not reading.	He was not going there.
Sita was not dancing then.	She was not reading that book.	Jadu was not going to school.
He was not listening to the teacher.	I was not calling you.	You were not speaking with us.
I was not playing then.	He was not having fever then.	They were not playing.
I was not sleeping then.	They were not talking.	She was not doing her homework.

মনে রাখো: এখানে football কোনও বস্তু নয়, এক ধরনের খেলার নাম। কিন্তু ball একটি বস্তু। তাই, playing football আর playing with a ball।

## 5.2 অতীতে কেউ কাজটা করছিল কিনা প্রশ্ন ও উত্তর

Were you eating?

Yes, I was eating.

No, I was not eating.

Were they sleeping?

Yes, they were sleeping.

No, they were not sleeping.

Was she talking?

Was he reading?

Was the cat sleeping?

Was the boy playing?

Was the girl dancing?

Were you giving biscuits to him?

Was it raining in your village?

Was he giving biscuits to her?

Were they listening to the teacher?

Was the boy climbing a tree?

Was he making a toy?

Was he playing with the toy?

Were you going to school?

Was she going **home**?

Were you going to the station?

Was the train going to Bolpur?

Were you standing there?

Was he sitting here?

মনে রাখো: এখানে home কোনও নির্দিষ্ট বস্তু নয়, নিত্যকার আশ্রয়, তাই তার দিকে যাওয়ার অর্থ হয় না। তার কাছে বা তার উদ্দেশ্যে যাওয়া হয়। কিন্তু, 'school' একটি নির্দিষ্ট স্থান। তাই, তার দিকে যাওয়া হয়। আমরা জানি, 'to' শব্দটি কাজের দিক নির্দেশ করে। সেই কারণে 'going to home' হয় না। হবে 'going home'। কিন্তু, ইস্কুলে যাওয়া বোঝাতে হবে 'going to school'। এখানে 'going to a place' দিয়ে উদাহরণ দিলেও 'going to do a job' দিয়ে কোনও ব্যাকের

উদাহরণ দেওয়া হয়নি। এর কারণ এই ধরনের বাক্য বর্তমানে বললেও তা ভবিষ্যতে করা হবে এমন কোনও কাজকে বোঝায়। এর আলোচনা পরে করা আছে।

5.3 অতীতে কেউ কাজটা করছিল কিনা জোর দিয়ে প্রশ্ন ও উত্তর

Were you not eating?

No, I was not eating.

Yes, I was eating.

Were they not sleeping?

No, they were not sleeping.

Yes, they were sleeping.

Was she not talking?

Was he not reading a book?

Was the dog not running?

Was the cat not sleeping on the table?

Was the boy not playing?

Was the girl not dancing?

Were you not giving biscuits to him?

Was he not giving biscuits to her?

Were they not listening to the teacher?

Was the boy not climbing the tree?

Was he not throwing the ball to him?

Was he not catching the ball?

Was she not playing?

Was she not going home?

Were they not giving you food?

Were you not eating?

Were you not going to school?

Were you not going to the station?

Was the train not going to Bolpur?

Were they not standing there?

Was he not sitting here?

Was it not raining in your village?

5.4. কাজটা কী, কোথায়, কখন, কীভাবে কেউ করছিল নিয়ে প্রশ্ন ও উত্তর

What were you doing?

I was eating biscuits.

What was he doing?

He was walking on the road.

What were they doing then?

They were eating.

What was she doing?	She was doing her homework.
What was the dog doing?	It was running.
What was the cat doing?	The cat was sleeping on the table.
What were you reading?	I was reading this book.
What was she writing?	She was writing a story.
What were you giving them?	I was giving them biscuits.
What were they taking from him?	They were taking a book from him.
Where were you going?	I was going to school.
Where was he going?	He was going home.
Where were you coming from?	I was coming from school.
Where was the train going?	The train was going to Bolpur.
Where was the boy sitting?	The boy was sitting on a chair.
Where were they playing?	They were playing at home.
How were they playing?	They were playing well.
How was she dancing?	She was dancing well.
Who were coming here?	Ram, Shyam, and Jadu were coming here.
Who were going there?	Ram and Rahim were going there.
Who was sitting there?	Rahim was sitting there.
Who was standing there?	Javed was standing there.
Why were you not coming to school?	I was not coming to school because I had fever.
Why was he not coming to school?	He was not coming to school because he had fever.
Why were they going there?	They were going there to see her dance.
Why were you going there?	I was going there to play.
Why was he not eating the biscuits?	He was not eating because he did not like biscuits.
Why was the dog running?	The dog was running to catch the cat.
Whom were you talking to?	I was talking to Ram.
Whom was he speaking with?	He was speaking with Shyam.



When was he doing it? He was doing it yesterday.  
When were you reading the book? I was reading it yesterday.

5.5 যে কাজটা কেউ করছিল বা করছিল না ভবিষ্যতের উদ্দেশ্যে

Were you going to catch a train? Was she going to read a book?

Were they going to eat biscuits? Was he going to give sweets to them?

Was the dog going to run? Was the cat going to climb a tree?

Were you not going to catch a train? Was she not going to read a book?

Were they not going to eat biscuits? Was he not going to give sweets to them?

Was the dog not going to run? Was the cat not going to climb a tree?

When was she going to go home? She was going to go home in the afternoon.

What were they going to eat? They were going to eat biscuits.

What were you going to eat? I was going to eat rice.

When were they going to stop eating? They were going to stop eating after they were full.

When was he going to stop playing? He was going to stop playing when he was tired.

মনে রাখো: 'going to' দিয়ে নির্দেশ করা কোনও কাজ বোঝায় কাজটা করা বা না করার উদ্দেশ্য (ভবিষ্যৎ)। অতীতকালের বাক্যেও আমরা এমনটা পেতে পারি।

## পাঠ 6. অতীতে যে কাজটা কেউ সমাপ্ত করেছিল

had ও কাজ শব্দের -en/ed রূপ ব্যবহার

আমরা আগে শিখেছি (প্রথম খণ্ডের পাঠ 9), এখন (বর্তমান কালে) কেউ কোনও কাজ সম্পূর্ণ করেছে বলা হয় সহায়ক শব্দ have/has-য়ের সাথে কাজ শব্দের -en/ed রূপটা ব্যবহার করে। একইভাবে অতীতে কেউ কোনও কাজ সম্পূর্ণ করেছিল বলা হবে, শুধু have/has-য়ের জায়গায় had ব্যবহার করতে হবে। কাজ শব্দের -en/ed রূপগুলো মনে করে নিতে হবে (দ্বিতীয় খণ্ডের পাঠ 2.1)। বাক্যের গঠন একই থাকবে।

ইতিবাচক বাক্য: যে করেছিল + had + কাজ শব্দের -en/ed রূপ

নেতিবাচক বাক্য: যে করেছিল +had +not + কাজ শব্দের -en/ed রূপ

প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: Had + যে করেছিল + কাজ শব্দের -en/ed রূপ

প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: Had + করেছিল +not+ কাজ শব্দের -en/ed রূপ

নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: What/ Where/Who/ইত্যাদি + had + যে করেছিল  
+ কাজ শব্দের -en/ed রূপ

এই ধরনের বাক্যগুলির গঠনের উদাহরণ—

Rajesh had given you the book.	Rajesh had not given you the book.
Had Rajesh given you the book?	Had Rajesh not given you the book?
When had Rajesh given you the book?	Where had Rajesh gone?

**এই ধরনের বাক্যের বিশেষ পরিপ্রেক্ষিত—অতীত কালে আগের ও পরের ঘটনা**

ইংরেজিতে had ও কাজ শব্দের -en/ed রূপ দিয়ে এই ধরনের বাক্য গঠন করা হয় অতীতে অন্য কোনও ঘটনার আগের ঘটনাকে বোঝাতে। কোনটা কাজটা আগে করা হয়েছিল আর কোনটা পরে, এই পার্থক্যটা ইংরেজিতে রাখা হয়। তা নাহলে আমরা সাধারণ অতীত কালের বাক্য হিসাবে কাজ শব্দের -ed রূপটা শুধু ব্যবহার করেই বাক্য গঠন করতে পারতাম। যেমন, ওপরের বাক্যগুলোকে আমরা বলতেই পারি—

Rajesh gave you the book.	Rajesh did not give you the book.
Did Rajesh give you the book?	Did Rajesh not given you the book?
When did Rajesh give you the book?	Where did Rajesh go?

তাহলে had দিয়ে বাক্য আমরা কখন ব্যবহার করব? অতীতে যে ঘটনা বা কাজটা আগে ঘটেছিল, তার ক্ষেত্রেই had ও কাজ শব্দের -en/ed রূপ দিয়ে বাক্য গঠন হবে। পরে যে ঘটনা বা কাজটা হয়েছিল সেটা সাধারণ অতীত কালের বাক্য হিসাবেই

বলা হবে শুধু কাজ শব্দের -ed রূপটা দিয়ে। ইংরেজিতে এই দুই ধরনের বাক্যের কী পার্থক্য তা বোঝার চেষ্টা করি—

You gave me the book. Rajesh had given it to you.

অথবা, Rajesh had given you the book. You gave it to me.

এখানে ঘটনার পরস্পরা হল আগে রাজেশ তোমাকে বইটি দিয়েছিল, তারপর তুমি আমাকে সেই বইটি দিয়েছিলে। সেই কারণে রাজেশের দেওয়াটিকে বলা হচ্ছে Rajesh had given, আর তোমার দেওয়াটিকে You gave।

একই বাক্যে দুটি ঘটনার আগে-পরে বোঝাতে হতে পারে, যেমন—

I lost the book you had given me.

এই বাক্যটিতে I had lost the book you gave me. বললে ভুল হবে কারণ তাতে ঘটনার আগে-পরে উল্টো হয়ে যাবে।

বাক্যগুলির ব্যবহার হবে কেবলমাত্র তখনই যখন আমরা বলতে চাই যে কাজটি ঘটেছিল অতীত কালের অন্য কোনও একটি ঘটনার আগে। তা না হলে সাধারণ অতীত কালের বাক্য দিয়েই বলা হবে কোনও একটি কাজ হয়েছিল। তাই, ধরে নিতে হবে যে নিচের বাক্যগুলির ক্ষেত্রে পরে ঘটা কোনও অন্য ঘটনার পরিপ্রেক্ষিত আছে।

6.1 অতীতে যে কাজটা কেউ করেছিল অন্য একটি ঘটনার আগে

I told you **that** I had seen a cat.

He told me that he had seen a dog.

I had eaten ten biscuits **before** I went to school.

They had gone home before we came.

She ate the biscuit we had given her.

We ate the fruits they had given us.

She came to the station after the train had left.

She came because I had told her to come to the station.

I told you that I had known her.

She gave me some biscuits she had brought.

I read the book you had written.

I had looked **everywhere** for the book but I could not find it.

A cat had sat on the chair you were sitting.

You had kept the books in your bag. How could you lose them?

The cat had climbed up the tree and sat there.

I had walked from my village and came here.

I had done my homework before I came to school. Ram told me that he had seen you there.

We had returned home when the rain started. He went there because they had asked him to come. The train had arrived when we came to the station. I **had had** my meal before you came.

She could not take it because she had not brought her bag.

You did not **return** the book I had given you.

We had **asked** them to come but they did not come.

He had not come home when we **arrived**.

I **had taken** my meal before you came.

Ram told **me that** he had had the book before he gave it to Jadu.

নতুন শব্দ: before (বিফোর) আগে, সামনে; ask (অ্যাস্ক) প্রশ্ন করা; return (রিটার্ন) ফেরৎ; everywhere (এভ্রিহোয়ার) সর্বত্র; arrive (অ্যারাইভ) এসে পৌঁছনো।

লক্ষ করো: that শব্দটির ব্যবহার। পরের বাক্যাংশটি that দিয়ে আগের বাক্যাংশের সঙ্গে জোড়া হয়েছে। এর আলোচনা তৃতীয় খণ্ডে আছে।

6.2 অতীতে কাজটা কেউ অন্য একটি ঘটনার আগে করেছিল কিনা প্রশ্ন  
অতীত কালের একটি ঘটনা

You gave me the book.  
He gave you a book.  
We saw you at her home.  
I found her talking to you.  
The teacher told them to listen to him.  
I found no pencils in the bag.

They said that they were hungry.  
We did not see her here.  
I did not find the book here.  
There were no fruits left.

তার আগের ঘটনা নিয়ে প্রশ্ন

Had you read the book?  
Had he read it?  
Had you known her?  
Had she known you?  
Had they not listened to the teacher?  
Had you not kept the pencils there?  
Had he not given them some food?  
Had he not told her to come?  
Had he taken that book?  
Had you eaten all the fruits?

6.3 অন্য একটি ঘটনার আগে কোন্ কাজটা কখন কোথায় কেন করা হয়েছিল

You did not come to school.

What had happened to you?

I had gone to Bolpur.

What happened to the book I had given you?

I lost it.

Where had the students gone?

The students had gone home.

You told me that you had seen them. Where had you seen them?

I had seen them at school.

I saw him eating biscuits. Who had given him the biscuits?

Ram had given him the biscuits.

How could she know the story?

Who had told her the story?

I had told her the story.

Who had given her the book?

Shyam had given her the book.

Why did you come here?

You had told me to come.

How had they gone there?

They had gone there by train.

Why had he not taken his meal?

He had not taken his meal because he had no time.

Why did you not bring your book?

I could not bring it because Ram had taken it from me.

Why had you not gone with them?

I had not gone with them because I had to do my homework.

6.4 হয়েছিল বা থেকেছিল বলা — been শব্দের ব্যবহার

I had been ill **during** the last month.

He had been at home till **yesterday**.

They had been here till midnight.

I had been to Kolkata last week to see Ram.

He had been in Kolkata last week.

It had been a rainy day. We did not go to school.

He had been good to us.

There had been a flood in our  
village before you came.

Had you been ill?

Had you been to Kolkata?

Had you been in Kolkata?

Had they been here?

Had there been a flood?

Where had he been?

He had been at home.

When had you been to Kolkata?

How long had you been ill?

Since when had they been here?

Where had they been at the time of flood?

নতুন শব্দ: during (ডিয়রিং) সময়কালে; yesterday (ইয়েস্টারডে) গতকাল

পরে শিখব: সহায়ক শব্দ *could have, might have, would have, should have*।

পাঠ 7. কিছু সময় ধরে যে কাজটা কেউ করে চলেছিল

had been ও কাজ শব্দের -ing রূপ

আমরা আগে শিখেছি (প্রথম খন্ডের পাঠ 10), এখন (বর্তমান কালে) কিছু সময় ধরে কেউ কোনও একটা কাজ করছে বলা হয় have been বা has been-য়ের পরে কাজ শব্দের -ing রূপটা বসিয়ে। অতীত কালের বাক্য পাব একই গঠন কাঠামোতে have/has been-এর বদলে had been ব্যবহার করে, যা দিয়ে বলা যাবে যে কিছু সময় ধরে কেউ কোনও কাজ করে চলেছিল বা কোনও অবস্থায় থেকেছিল।

কেউ অতীতকালে কোনও একটা কাজটা করছিল বলা হয় was/were ও কাজ শব্দের -ing রূপ ব্যবহার করে (আগে শিখেছি, দ্বিতীয় খন্ড, পাঠ 5.)। এই বাক্যগুলোতে কিন্তু বোঝানো যায়না কত সময় ধরে কাজটা করা চলেছিল। অতীতে কাজটা (বা অবস্থাটা) কিছু সময় ধরে হয়ে চলেছিল—এই সময়কালটাও উল্লেখ হলে আমরা had been দিয়ে বাক্য গঠন করব। কাজ হয়ে চলার এই সময়কালের প্রেক্ষিতটা না থাকলে had been দিয়ে বাক্য হবে না, was/were দিয়েই বাক্য গঠন হবে। নিচের উদাহরণ দেখো —

ভুল বাক্য। সময়কালের প্রেক্ষিত নেই।

~~I had been waiting for you.~~

~~He had been sleeping.~~

~~They had been playing.~~

সময়কালের প্রেক্ষিতে ভুল বাক্য

~~I was waiting for you since  
mornig.~~

~~He was sleeping before you  
came.~~

~~They were playing till the  
teacher called them.~~

মনে রাখতে হবে, বাক্যে এই কাজগুলোর চরিত্র যেন এমন হয় যে কাজটা হয়ে চলা বললে ভুল না হয়। যেমন, I had been having a book. বলা ভুল। ঠিক হল—

I had had a book.।

**বাক্যগঠন :** অতীতকালে কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল

had been-য়ের পরে কাজ শব্দের -ing রূপটা বসিয়ে আমরা কাজ শব্দগুচ্ছটা পাই যা দিয়ে বোঝাই যে কিছু সময় ধরে কাজটা হয়ে চলেছিল।

দ্বিতীয় খন্ড: বাক্য গঠন – অতীত ও ভবিষ্যৎ কাল । 55

মূল গঠন হল: [যে কাজটা করছিল]+[had been]+[কাজ শব্দের -ing রূপ]

এই বাক্য-কাঠামোটা থেকে আমরা পেয়ে যাব ইতিবাচক, প্রশ্নসূচক, নেতিবাচক, কাজটা কী, কেন, কোথায়, কে করছিল ইত্যাদি নির্দিষ্ট করে বলার বাক্যগুলোর গঠন।

অধিকাংশ বাক্যে দরকার হয় সময়টা কতক্ষণ তার কোনও একটা প্রসঙ্গ, যদিনা সেটা কোনও কারণে উহ্য রাখা যায়। সময়কাল প্রসঙ্গটা রাখা হয় since then, till now, for, during, in, by now, before ইত্যাদি দিয়ে।

7.1 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল

I had been eating biscuits till you came.	He had been sleeping when I called him.
We had been eating fruits when she came.	The bird had been singing when we went there.
He had been reading a book till midnight.	I had been standing there when the bus came.
It had been raining since yesterday morning.	Sita had been dancing when we saw her.
He had been writing a book since then.	They had been going to Bolpur by train.
He had been having his meal.	The train had been running late.
We had been listening to her song.	I had been telling them a story.
He had been having fever since he came here.	They had been playing football before coming home.
The dog had been waiting for you since morning.	I had been looking up to the sky to see the birds flying.
I had been waiting for you the whole day.	She had been waiting at the station for the train.
You had been looking for the book for the last few hours.	He had been doing his homework since the morning.
I was tired. I had been reading all day.	The train had come. We had been waiting for it.



7.2 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল তা নিয়ে প্রশ্ন

Had you been eating before you came?

Had he been sleeping whole day?

Had they been playing football before school?

Had the bird been singing all day?

Had you been reading the book yesterday?

Had you been standing here for the bus?

Had it been raining since the morning?

Had they been playing since this afternoon?

Had he been writing a book since then?

Had you been telling them a story today morning?

Had you been hearing her song all day?

Had you been coming here since then?

Had they been making the road last year?

Had she been waiting for you when I saw her?

Had she been waiting at the station for the train?

Had they been building this house for some time?

7.3 কিছু সময় ধরে কেউ যে কাজটা করে চলেছিল তা নিয়ে জোর দিয়ে প্রশ্ন

Had you not been eating before you came?

Had he not been sleeping whole day?

Had they not been playing football before school?

Had the bird not been singing all day?

Had you not been reading the book yesterday?

Had you not been standing here for the bus?

Had it not been raining since the morning?

Had they not been playing since this afternoon?

Had he not been writing a book since then?

Had you not been telling them a story today morning?

Had you not been hearing her song all day?

Had you not been coming here since then?

Had they not been making the road last year?

Had she not been waiting for you when I saw her?

Had she not been waiting at the station for the train?

7.4 কিছু সময় ধরে কাজটা কী, কেন, কোথায়, কে করে চলেছিল

Where had you been? I had been waiting for you.	I had been at home.
Where had you been going?	I had been going to play football.
Where had he been going?	He had been going to school.
What had you been doing there?	I had been speaking to his father.
What had you been telling her?	I had been telling her about our school.
What had she been doing this morning?	She had been dancing.
When had he been listening to her songs?	He had been listening to her songs in the afternoon.
How had you been making this toy?	I had been making it with paper.
How had they been playing?	They had been playing well.
How had she been dancing?	She had been dancing well.
How had you been keeping the dogs?	I had been taking good care of them.
Why had they been coming here?	They had been coming because they had a friend here.
Why had he not been coming to school?	He was not coming to school because he had been ill.

পরে শিখব: সহায়ক শব্দ *could have been, might have been, must have been, would have been, should have been*।

## পাঠ ৪. যে কাজ করা হবে বা যা হবে (will ও shall)

ভবিষ্যৎ কালে বা আগামি দিনে যা ঘটবে বা যে কাজ করা হবে বলতে বাক্যগঠনে প্রয়োজন হবে দুটি নতুন ভাবসূচক সহায়ক শব্দ, will (উইল) ও shall (শ্যাল)। এই দুটি শব্দের কোনটা কখন ব্যবহার হবে তার একটি সাধারণ নিয়ম আছে। বাক্যে কোনও সাধারণ কথা বলা হলে will ও shall-য়ের ব্যবহার একটা নিয়মে হয়, আর কোনও জোর দিয়ে বলা বিশেষ কথা হলে নিয়মটা ঠিক উল্টে যায়। বিশেষ বক্তব্যে থাকতে পারে যে বলছে তার মতামত, আদেশ, অনুরোধ, বাসনা, আপত্তি, ইত্যাদি, যা সে জোর দিয়ে বলছে। নিয়মটা নিচে দেখানো হল—

8.1 will ও shall ব্যবহারের নিয়ম	সাধারণ	বিশেষ	
বাক্যটা কে, বা কাকে বলছে, বা কার সম্বন্ধে	বক্তব্য	বক্তব্য	
	I	shall	will
	we	shall	will
you (এক জন)/you (একের বেশি)	will	shall	
he, she, it, this, that, there ইত্যাদি (সংখ্যা এক)	will	shall	
they, these, those, there ইত্যাদি (সংখ্যা একের বেশি)	will	shall	

এই নিয়মের হেরফের হলে যে বাক্যটি অশুদ্ধ হয়ে যাবে, তা নয়। অধিকাংশ বাক্যে shall-য়ের তুলনায় will ব্যবহারই বেশি হয়। ভবিষ্যৎ সম্বন্ধে সাধারণ নিরপেক্ষ বাক্যেও I shall, we shall-য়ের বদলে I will, we will বলা হয়।

আমরা will ও shall-এর ব্যবহারকে আর এক ভাবে মনে রাখতে পারি। বক্তা, মানে যে বাক্যটা বলছে, সে will ব্যবহার করবে দুটি ক্ষেত্রে—

এক, ভবিষ্যতের যে ঘটনা বা কাজ সাধারণভাবে ঘটে; এবং

দুই, ভবিষ্যতে যা হবে বলে তার আস্থা আছে, তাই জোর দিয়ে বলছে।

অন্যদিকে shall-য়ের ব্যবহার হবে বিশেষ ক্ষেত্রে—যেখানে বক্তার বিশেষ বলার ভঙ্গিতে থাকতে পারে বিনীত ভাব, অন্যের ইচ্ছেকে গুরুত্ব দেওয়া, নিশ্চিত ভাবে বলা, ঘোষণা করা, ইত্যাদি।

### বাক্যগঠন — ভবিষ্যতে কেউ যে কাজ করবে বা যা হবে

কেউ কোনও কাজ করবে

ভবিষ্যৎ কালে কেউ কোনও কাজ করবে বলা হয় will/shall-য়ের সাথে কাজ শব্দের মূল রূপ বা বেস ফর্ম (আগের পাঠ 2.1 দেখো) ব্যবহার করে। পাঁচটি ধরনের বাক্য—

ইতিবাচক বাক্য:

যে করবে + will/shall + কাজ শব্দের মূল রূপ

নেতিবাচক বাক্য: যে করবে + will/shall + not + কাজ শব্দের মূল রূপ  
 প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: Will/shall + যে করবে + কাজ শব্দের মূল রূপ প্রশ্নসূচক  
 নেতিবাচক বাক্য: Was/Were + যে করবে + not+ কাজ শব্দের মূল রূপ  
 নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: What/ Where/Who/ইত্যাদি + will/shall + যে করবে  
 + কাজ শব্দের মূল রূপ

ভবিষ্যৎ কালে যা হবে (be)

ওপরের পাঁচটি ধরনের বাক্যে মূল কাজ শব্দ ‘be’ ব্যবহার করে বলা যাবে (কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়ের) ভবিষ্যতে কী হবে—

[ব্যক্তি, বস্তু বা বিষয়]+[will/shall]+[কাজ শব্দ be]+[বস্তু বা বিষয়, যা হবে]

কারও কোনও কিছু থাকবে (have)

একইভাবে, ভবিষ্যৎ কালে কারও কোনও কিছু থাকবে বলা যাবে will ও shall-য়ের পরে মূল কাজ শব্দ ‘have’ ব্যবহার করে ওপরের পাঁচটি ধরনের বাক্যে —

[ব্যক্তি] + [will/shall] + [কাজ শব্দ have] + [বস্তু বা বিষয়, যা থাকবে]

ভবিষ্যৎ কালে কারও কোনও কাজ করার প্রয়োজন (have to)

ভবিষ্যৎ কালে কোনও কাজ করার প্রয়োজনীয়তা বলা যাবে সহায়ক have to + কাজ শব্দ ব্যবহার করে ওপরের পাঁচটি ধরনের বাক্যে —

[ব্যক্তি] + [will/shall] + have to + [কাজ শব্দ]

এইভাবে ‘be’ ও ‘have’-য়ের ব্যবহার হয় কাজ শব্দ হিসাবে। পরে আমরা দেখব সহায়ক শব্দ হিসাবে এগুলোর ব্যবহার।

8.2 ভবিষ্যতে কেউ কোনও কাজ করবে (will/shall)

সাধারণ বক্তব্য

বিশেষ বক্তব্য

I shall go to your house.

I will go to meet your father.

We shall come home in the afternoon.

We will come before **sunset**.

Shall I give you a glass of water?

He shall give you some food.

You will go to school.

You shall go to school.

Will you come?

You shall not forget to come.

He will do it.

He shall do what I tell him.

Shall we go?

We will go.

They will show you my house.

Those students shall not **pass**.

Where will she go?

Where shall she find her way

60 । সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা

When will you come?	in the forest?
Where shall I go?	When shall you come?
What shall I do?	Where will I go?
	What will I do?

নতুন শব্দ: sunset (সানসেট) সূর্যাস্ত; pass (পাস) পরীক্ষায় পাশ, অতিক্রম করা।

### 8.3 ভবিষ্যতে কিছু হওয়া (will be ও shall be)

<u>সাধারণ বক্তব্য</u>	<u>বিশেষ বক্তব্য</u>
Tomorrow will be my <b>birthday</b> .	I will not be <b>afraid</b> .
Tomorrow I shall be twenty-one.	Shall you be my friend?
We shall be at home in the afternoon.	It shall be a rainy day.
You will be <b>pleased</b> to know this.	You shall be pleased to know this.
He will be at home.	He shall not be there.
Will you not be careful?	You shall be a good boy.
They will be here.	These books shall be yours.
There will be song, dance, and play today.	It shall be a great day.

নতুন শব্দ: birthday (বার্থডে) জন্মদিন; afraid (অ্যাফ্রেড) ভীত; please, pleased (প্লীসz, প্লীসzড) আনন্দিত, খুশি হওয়া ।

### 8.4 ভবিষ্যতে কারও কিছু থাকা (will have/shall have)

<u>নিরপেক্ষ বক্তব্য</u>	<u>বিশেষ বক্তব্য</u>
I shall have some biscuits.	He shall have the books.
Will you have a glass of water?	I will not have any food today.
Shall I have the food ready for you?	When you come, you shall have the food ready for you.

### 8.5 ভবিষ্যতে কারও কিছু করা প্রয়োজন will have to/shall have to

<u>নিরপেক্ষ বক্তব্য</u>	<u>বিশেষ বক্তব্য</u>
I shall have to go there.	I will have to go.

You will have to come  
**regularly.**

I will have to be there when  
you come.

He will have to attend his  
classes regularly.

You shall have to be careful.

নতুন শব্দ: regularly (রেগিউলারলি) নিয়মিতভাবে।

**বিশেষ নিয়ম: ভবিষ্যৎ কালের বাক্যে পর-নির্ভর অংশে will/shall হয় না**

অনেক বাক্যে দুটি অংশ থাকে—একটি হল মূল বাক্যাংশ, যেটি অন্য অংশটির ওপর নির্ভর করে না (স্বনির্ভর বাক্যাংশ), আর অন্য অংশটি মূল বাক্যাংশটির ওপর নির্ভর করেছ (পর-নির্ভর বাক্যাংশ)। সাধারণ নিয়ম হল, মূল বাক্যাংশে will/shall থাকলে পর-নির্ভর বাক্যাংশে আর will/shall ব্যবহার হবে না, এটি সাধারণ বর্তমান কালই হবে। এই নিয়ম অনুসারে—

8.6 বিশেষ নিয়ম: বাক্যের পর-নির্ভর অংশে will/shall হয় না

সঠিক বাক্য

পর-নির্ভর অংশে will/shall হবে না

I will give you the book when  
you want it.

when you ~~will~~ want it

When he comes, he will find  
me there.

When he ~~will come~~

When she goes there, she shall  
have the food ready for her.

When she ~~will go~~ there

I will have to be with you if  
you visit the forest.

if you ~~will~~ visit the forest

এই নিয়মের ব্যতিক্রম:

1. বাক্যের পর-নির্ভর অংশেই এটা ঘটে। and দিয়ে যুক্ত দুটি বাক্যের মধ্যে নির্ভরশীলতা থাকে না। তাই সেখানে এই নিয়মটি খাটে না, যেমন—

I will go to your house and we will play together.

2. পর-নির্ভর অংশে কোনও বিশেষ অনুরোধ, অনুমতি বা প্রার্থনা থাকলে স্বনির্ভর অংশটি অর্থের দিক থেকে তার ওপর নির্ভরশীল হয়ে পড়ে। এই ক্ষেত্রে পর-নির্ভর অংশেও will/shall থাকে—

I will be happy if you will come.

I will be grateful if you will permit me to go there.

A day when he will walk again will come. বা

A day will come when he will walk again.

## বাক্যগঠন — ভবিষ্যতে যে কাজ কেউ করে চলবে বা হয়ে চলবে

ভবিষ্যৎ কালে বা আগামী দিনে কেউ কোনও কাজ করে চলবে বলতে বাক্যগঠনে প্রয়োজন হবে ভাবসূচক সহায়ক শব্দ, will be বা shall be, ও তার সাথে কাজ শব্দের -ing রূপ। এখানেও আমরা পাঁচটি ধরনের বাক্যের গঠন পাব—

ইতিবাচক বাক্য: যে করবে + will/shall be + কাজ শব্দের -ing রূপ

নেতিবাচক বাক্য: যে করবে + will/shall + not be + কাজ শব্দের -ing রূপ

প্রশ্নসূচক ইতিবাচক বাক্য: Will/shall + যে করবে + কাজ শব্দের -ing রূপ

প্রশ্নসূচক নেতিবাচক বাক্য: Was/Were +যে করবে+ not be+ কাজ শব্দের -ing রূপ

নির্দিষ্ট প্রশ্নসূচক বাক্য: What/ Where/Who/ইত্যাদি + will/shall + যে করবে  
+ be + কাজ শব্দের -ing রূপ

## 8.7 ভবিষ্যতে কেউ কোনও কাজ করে চলবে (will be/shall be)

### নিরপেক্ষ বক্তব্য

I shall be going to school tomorrow.

Will you not be coming to my house today?

He will be going with them.

Where will you be going in the evening?

When will you be coming today?

He will be reading books now.

He will be taking care of you.

You will be seeing the **mountains** there.

All will be singing and dancing tonight.

Birds will be flying in the sky.

নতুন শব্দ: mountain (মাউন্টন) পাহাড়, opening (ওপনিং) প্রারম্ভিক ।

### বিশেষ বক্তব্য

I will not be going to school today.

We will be playing till sunset.

He shall not be coming with me.

They shall not be going with us.

They shall not be sleeping now.

You shall be staying at home today.

He shall be taking care of my dogs.

I will be waiting for you.

She shall be singing the **opening** song.

We will be having our meal now.

### বাক্যগঠন — ভবিষ্যতে যে কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন হবে

ভবিষ্যতে কেউ কাজটা সম্পূর্ণ করবে অন্য কোনও একটি ঘটনা বা নির্দিষ্ট সময়ের মধ্যে বলতে বাক্যগঠনে প্রয়োজন হবে ভাবসূচক সহায়ক শব্দ **will have** ও তার সাথে কাজ শব্দের **-en/ed** রূপ। এই ধরনের বাক্যে সহায়ক শব্দ **shall have** সাধারণত ব্যবহার হয় না। এইসব বাক্যে সময়কে নির্দিষ্ট করতে ব্যবহার হয় **by then, by the year 2030, by tomorrow night**, ইত্যাদি। উদাহরণ হল —

He will have done his homework before going to school.

I will have **reached** the station by the time he comes.

[নতুন শব্দ: **reach, reached** (রীচ, রীচড) পৌঁছনো]

এখানেও পাঁচটি ধরনের বাক্যের গঠন পাব—ইতিবাচক, প্রশ্নসূচক, নেতিবাচক, নেতিবাচক প্রশ্ন, কাজটা কী, কেন, কেথায়, কে করছিল, ইত্যাদি বলার বাক্য।

### বাক্যগঠন — ভবিষ্যতে যে কাজ নির্দিষ্ট কিছু সময় ধরে চলবে

এই বাক্যগুলো ব্যবহার হয় বোঝাতে যে কোনও কাজ ভবিষ্যতে কোনও একটা নির্দিষ্ট সময় ধরে চলবে। এই সময় ধরে চলাটা নির্দিষ্ট করতে সাধারণত ব্যবহার হয়, **for a year, for two years, since early morning**, ইত্যাদি। এই ধরনের বাক্যে সহায়ক শব্দ **will have been** ব্যবহার হয়; **shall have been** ব্যবহার হয় না। উদাহরণ হল—

By next year she will have been **studying** here for five years.

By the evening he will be tired because he will have been working for hours.

How long will you have been studying here when you graduate?

### 8.8 will have ও will have been ব্যবহার

যে কাজ সম্পন্ন হবে (নির্দিষ্ট সময়ে বা অন্য কোনও একটি ঘটনার আগে)

I will have talked to them before they call you.

By the time he comes, I will have finished the work.

He will have told you about it before I come.

I will have made the food ready before you come.

I will have **finished** my homework before Monday.

He will have gone by the time you come.



They will have reached home by sunset.

যে কাজ করা হয়ে চলাবে নির্দিষ্ট সময় ধরে

I will have been at home till 6:30 in the evening.

We are late. They will have been returning by the time we reach.

Before you come here tomorrow, we will have been working on it for seven days.

You will have told me before you go there.

They they will not have been taking any **leave** till they finish the work.

He will have been playing for two hours by the time you come.

The teacher will come tomorrow morning and till then we will not have been **studying** mathematics.

নতুন শব্দ: finish, finished (ফিনিশ, ফিনিশড) সম্পন্ন, শেষ করা; leave (লীভ) ছুটি; study, studying (স্টাডি, স্টাডিয়ায়িং) পড়াশোনা বা পর্যবেক্ষণ করা।

## পাঠ 9. ভাবসূচক সহায়ক শব্দ

